 অকরোন্তেন কেনচি অভণন্তেন ভগবতো নব অরহন্তাদি-  
 গুণে সমম্মুস্‌সরন্তেন পুপ্পাদি পূজনীয় বথুমখিচে  
 পূজেহা তিক্‌খত্তুং পদক্‌খিণং কহা মহত্তং চেতিযং চে  
 সোল্‌হস ঠানেসু খুদ্ধকং চেতিযং অট্‌ঠসু ঠানেসু ঠহা  
 বন্দিতব্বং ।

## অনুবাদ

৫। এই বচন হইতে ব্রত পূর্ণ করিলে শীল পূর্ণ হয়, শীল পূর্ণ  
 করিলে দুঃখ হইতে মুক্তিলাভ ঘটে। তন্মতে সংসারে সকল  
 দুঃখ হইতে মুক্তির জন্ত শীল পূর্ণকারী কর্তৃক সম্মার্জনা  
 ব্রত পূর্ণ করা উচিত ; এবং সম্মযুক্তচিত্তে চিন্তা করিয়া

অপরিত্যক্ত মৈত্রীভাবনাকারী কর্তৃক সর্বদা এইরূপ ভাবনা করা উচিত। “আমার অল্প উপযুক্ত কর্তব্য বলিয়া প্ররঞ্জিত-গণ কর্তৃক নিত্য প্রত্যবেক্ষণ করা কর্তব্য।” এইরূপ উক্ত বিধায় পূর্ণকলসভতি শকট বিসম ভূমিতে চালানোর স্থায়, অচঞ্চল, শান্তেন্দ্রিয় শান্ত মনে চারিহাতের অধিক দৃষ্টি নিক্ষেপ না করিয়া অধো দৃষ্টিতে চৈত্যান্দের সমীপে উপস্থিত হইবে।

তথায় পাদধৌত করতঃ সম্মার্জনী গ্রহণ করিয়া জীবিত বুদ্ধের নিকট উপস্থিত হওয়ার স্থায় আদরের সহিত চতুর্দিকের চৈত্যান্দন সম্মার্জন করিবে। তৎপর নানা দিক অবলোকন না করিয়া এবং কাহারও সহিত আলাপ না করিয়া ভগবানের নয়টি “অর্হৎ” আদি নয়গুণ অনুস্মরণকারী কর্তৃক পুষ্পাদি পূজার বস্তু যদি থাকে, তদ্বারা পূজা করিয়া এবং তিনবার প্রদক্ষিণ করিয়া রহৎ চৈত্যা হইলে ষোড়শস্থানে ও ক্ষুদ্র চৈত্যা হইলে অষ্টস্থানে থাকিয়া বন্দনা করা উচিত।

### পালি

- ৬। মহাবোধি চ বৃত্তনযেন উপসঙ্কমিত্বা মালকং সম্মজ্জিত্বা বোধি মূলে উদকং আদিঞ্চিত্বা নানা দিসা অনোলোকেন্তেন কেনচি অভগন্তেন নব অরহন্তাদযো বুদ্ধগুণে অনুস্মরন্তেন “তাদিসস্স লোকনাথস্স উপকারকো অযং বোধি’তি” গুণং সলহক্খেন্তেন ভগবতি কত্তব্ব মাদরং কত্তা পূজনীয় বথুং অথিচে পূজেত্বা বৃত্তনযেন পদক্খিণং কত্ত্বা সোলহস্সু বা অটঠস্সু ঠানেস্সু ঠত্ত্বা



বন্দিতবে, ততো বুড্ সত্রক্ষচারিকে ভিক্খু  
বন্দন্তেন :

“অনুজ্ঞানামি ভিক্খবে যথা বুড্ অভিবাদনং পচ্চু-  
ট্ঠানং অঞ্জলীকম্মং সামীচি কম্মং”তি ভগবতা বৃত্ত পটি-  
পত্তিং পুরেস্ সামি’তি চ বা ;

### অনুবাদ

৬। উক্ত নিয়মে মহাবোধি সমীপে উপস্থিত হইয়া তৎ প্রাঙ্গণ  
সম্মার্জন করিয়া বোধিমূলে জল সিঞ্চন করতঃ নানাদিক  
অবলোকন না করিয়া, কাহার ও সহিত কথা না বলিয়া  
নব অরহতাди গুণ অনুসরণ করিতে করিতে “তাদৃশ লোক-  
নাথের উপকারক এই বোধি”। এইরূপে বোধিগুণ দর্শন  
করতঃ ভগবানের প্রতি করণীয় শ্রদ্ধা করিবে। যদি পূজার  
দ্রব্য থাকে পূজা করিবে।

পূর্বেবক্ত নিয়মে প্রদক্ষিণ করিয়া ষোড়শ বা অষ্টস্থানে স্থিত  
হইয়া বন্দনা করা কর্তব্য। তদনন্তর বৃদ্ধ সত্রক্ষচারী ভিক্খু-  
দিগকে বন্দনা করিবার সময় “হে ভিক্খুগণ! যেমন বৃদ্ধ-  
দিগকে পর্যায়ক্রমে অভিবাদন, প্রত্যুপস্থান, অঞ্জলীকর্ম  
সমীচিন কর্ম (ছোট বড় সেবা) করিতে অনুজ্ঞা করিতেছি।”  
ভগবান কর্তৃক নির্দেশিত এই প্রতিপত্তি পূরণ করিবই।  
( অথবা এইরূপ জ্ঞান করিয়া )

### পালি

৭। “অভিবাদন সীলিস্ নিচ্চং বুড্ টাপচাষিনো,  
চত্তারো ধম্মা বড্ চত্তি আব্ব-বম্মো-সুখং-বলং’তি।”

### অনুবাদ

- ৭। “নিত্য বয়োবৃদ্ধ সেবাকারী ও অভিবাদন শীলির আয়ু-বর্ণ-স্বখ-বল এই চারি ধর্ম বৃদ্ধি প্রাপ্ত হয়।”

### পালি

- ৮। বুত্তে চত্তারো আনিসংসেব লভিস্সামী’তি’তি চিন্তেত্ত্বা পঠমং বন্দামি ভন্তে’তি বত্তা উভো পাদে সমং ঠপেত্ত্বা উজ্জুকং ঠত্ত্বা ঈদিসানং চতুপারিশুদ্ধি সীলে সুপ্পতিট্ঠিত্তানং অগ্গিচ্ছা, সত্ত্বট্ঠা, সল্লেক্ষ গুণযুত্তানং পরম পুণ্ণেত্ত্বা বেথত্ত্বুত্তানং মহাপুণ্ণেত্ত্বান্তানং দট্ঠুং চ বন্দিত্তু চ লক্কভাবো—উত্তামো’তি চিন্তেত্ত্বা সঞ্জাতপীতি সোমনসেসন হত্ত্বা বুদ্ভানং ভিকখুং পাদে বন্দন্তেন পেমঞ্চ গারবঞ্চ উপট্ঠাপেত্ত্বা উভোহি পাণিতলেহি পাদে সম্মাহন্তেন পাদবন্দতব্ভবুত্ত বিধিনা বন্দন্তেন আচরিয়ুপজ্জ্বায়েসু চ বুডচ সত্রক্ষচারিসু চ বত্তং পুরেত্ত্বা তিথি বার নক্খত্তেচ বুদ্ধবস্সং চ কথেত্ত্বা যাণ্ড অথি চে ভোজন সালাষং পবিসিত্ত্বা ;

### অনুবাদ

- ৮। কথিত চারি আনিসংস লাভ করিব। এইরূপ বিস্তা করিয়া প্রথমে ভন্তে! আপনাকে বন্দনা করিতেছি।” বলিয়া উভয়পদ সমভাবে রাখিয়া, সোজাভাবে স্থিত হইয়া “ঈদৃশ চতুর্পারিশুদ্ধ শীলে, অগ্গেচ্ছা, সত্ত্বট্ঠ, উত্তম গুণযুক্ত, এবং পরম পুণ্যক্ষেত্রভূত মহা পুণ্যবানদিগকে দর্শন ও বন্দনা করা

উত্তম ।” এইরূপ চিন্তা করিয়া আনন্দচিত্তে শ্রীতি উৎপাদন করতঃ বয়োবৃদ্ধ ভিক্ষুদের পদ বন্দনা করিবার সময় শ্রীতি ও গৌরব সংস্থাপন করিয়া উভয় পাণিতলদ্বারা পাদ স্পর্শ করতঃ বন্দনা করিবে । উক্ত নিয়মে বন্দনা করিয়া, আচার্য-উপাধ্যায় ও বয়োবৃদ্ধ সরলচারীদের প্রতি রত পূর্ণ করতঃ তিথি, বার, নক্ষত্র ও বুদ্ধবর্ষ বলিবে । যদি যবাণ্ড থাকে, স্তোত্রশালায় প্রবেশ করিয়া :

### পালি

- ৯। “সল্লেকং অচ্চজন্তেন, অগ্নমন্তেন ভিকখুনা,  
কপ্পিয়েহি ন কাতব্বা আমিসথায় লোলত’তি ।”

### অনুবাদ

- ৯। “ত্রিমল ১। শোধন গুণ অত্যাগী ও অপ্রমাদী ভিক্ষু কর্তৃক  
খাপ্ত বস্ততে ও আমিষের জন্ত লোভ উৎপাদন করা অনুচিত।”

### পালি

- ১০। বৃত্তোবাদং মনসি করোন্তেন কপ্পিয়েপি পচ্চয়ে লোলু-  
প্নমন্নুপ্পাদেহা সম্পত্তাসনে নিসজ্জসক্কচ্চং যাণ্ডং পটি-  
গগহেহা । ততো রতনত্তয়ং পূজেহা পঠমং পটিকুল-  
বসেন পচ্চবেক্খিত্তা তদন্তরং “পটিসঙ্ঘাযোনিসো’তি”  
আদিনা পচ্চবেক্খিত্তা যাণ্ডং পিবিহা পত্ত খালকে চ  
ভোজনসালায চ পুরেতবব্বত্তং খক্কে বৃত্তনযেন পুরে-  
তব্বং ততোঃ

### অনুবাদ

১০। উক্ত উপদেশ মনোনিবেশকারী কতৃক ধর্মতঃ লব্ধ চতুপ্রত্যয়ে ও লোভ উৎপাদন না করিয়া প্রাপ্ত আসনে বসিয়া স্তম্ভরূপে যবাণ্ড গ্রহণ করিবে।

তৎপর তাহা হইতে রতনত্রয়কে পূজা করিয়া প্রথমে প্রতিকূল অর্থাৎ অশুচীক্ৰুপে চিন্তা করিবে। তদনন্তর “পাটসঙ্খা যোনিসো” ইত্যাদি প্রত্যবেক্ষণ করতঃ যবাণ্ড পান করিয়া পাত্র, ভোজন ও ভোজনশালায় পূরণীয় ব্রত স্কন্ধে কথিত নিয়মে পূর্ণ করিবে বা পূরণ করা কর্তব্য।

### পালি

১১। “তস্‌স পাসাদিকং হোতি পত্ত চীবর ধারণং,  
পব্‌জ্জা সফল তস্‌স যস্‌স সীলং স্ত্‌নিম্মলং’তি।”

### অনুবাদ

“যাহার শীল স্ত্‌নির্মল, তাহার প্রব্‌জ্জা সফল, তাহার পাত্র চীবর ধারণ প্রসাদকর ও উপযুক্ত হয়।

### পালি

১২। আদিকং মনসি করোন্তেন পত্ত চীবরং গহেত্বা অবিজ্জহিত কস্মট্‌ঠানিকেন গামপ্রবেসনকালে আচরিয়ুপজ্‌ঝাযানং নাতিদূরেন নাচ্চান্নেন গত্ত্বা চীবর পারু পণট্‌ঠানং সম্মজ্জিহ্বা পারুত চীবরস্‌স আচরিয়স্‌স পত্তং দত্ত্বা সিক্খা করণীয়ে বৃত্তনযেন সঙ্কচং নিবাসেত্বা পারুপিহ্বা পচ্ছা-

সমনে লুপ্ত ইথি-পুৰিস-হথি অস্‌সাদযো অনলোকেন্তেন  
 সিক্খা-করণীয়ে বৃত্তনযেন পিওচারিকবত্তং পুরেহা গামতো  
 নিক্খম্ম আচরিষস্‌স পত্তচীবরং পটিগ্‌গহেহা কন্মট্ঠানং  
 মনসি করোন্তেন বিহারং পবিসিত্তা পত্তচীবরং ঠপেহা  
 আসন পঞ্‌ঞাপন পাদোদক পাদপীঠং পাদকঠলিকঠপনং  
 বিজ্জনি কন্ম পানীয় সরাব দন্তকট্ঠ দানাতি সৰ্ব বত্তং  
 নিট্ঠপেহা পত্ত পরিযাপন্নতো আচরিষস্‌স দানং দহা  
 সেনাসনং পচ্‌চবেকথিত্তা তথ নিসজ্জ সিক্খা করণীয়ে  
 বৃত্তনযেন আলোপে আলোপে পচ্‌চবেক্‌খেন্তেন আহা-  
 কিচ্চং নিট্ঠপেহা পত্তে চ ভত্তগেগ্‌গ-আচরিষুপজ্‌ঝাযেহু  
 চ পুরেতব্বং বত্তং পুরেহা বিবেকট্ঠানে নিসজ্জ অতীত  
 পচ্‌চবেক্‌খনং কহা অত্তা অত্তনোসীলং ওলোকেহা তদনন্তরং  
 গম্‌ধুরমহুযুন্তেন গম্‌ধুরং চ বিপস্‌সনধুরমহুযুন্তেন সুরিযথস্‌-  
 মনা সাদরং পুরেতব্বং ।

### অনুবাদ

১২। ইত্যাদি উপদেশ মনোনিবেশকারী পাত্র চীবর গ্রহণ করতঃ  
 কর্মস্থান অত্যাগী কর্তৃক গ্রামে প্রবেশ করিবার কালে আচার্য-  
 উপাধ্যায়ের নাতিদূরে নাতি সমীপে থাকিবে। চীবর পারুপণ  
 স্থান সর্শাঙ্কন করিবে। আচার্য চীবর পারুপণ করিলে, তাঁহাকে  
 পাত্র দিয়া সেথিয়ায় কথিত নিয়মে জ্বন্দররূপে অন্তর্বাস পরিধান  
 করিয়া, উত্তরাসঙ্গ পারুপণ করিয়া পাত্র গ্রহণ করতঃ আচার্যের  
 পশ্চাৎ পশ্চাৎ গমন করিবে। পথ চলিবার সময়ে স্ত্রী-পুরুষ, হস্তী,

অশ্বাদি অবলোকন না করিয়া সেথিয়া ধর্মে কথিত নিয়মে পিণ্ডচারিক ব্রত পূর্ণ করিবে।

গ্রাম হইতে বাহির হইয়া আচার্যের পাত্র-চীবর প্রতি গ্রহণ করতঃ কর্মস্থান মনোনিবেশ করিতে করিতে বিহারে প্রবেশ করিবে। তথায় পাত্র-চীবর রাখিয়া বসিবার আসন পাতিয়া দিবে। যথাস্থানে পা ধুইবার জল, পিঁড়ি ও ধৌত পা রাখিবার পিঁড়ি দিবে ও ব্যঞ্জন করিবে।

তৎপর জলের ঘটি ও দস্তকাষ্ঠ দানাদি সকল ব্রত সমাপন করিয়া প্রত্যেক পাত্র হইতে আচার্য্যাকে দান দিবে। “শয়নাসন” প্রত্যবেক্ষণ করিয়া তথায় বসিয়া সেথিয়া ধর্মে কথিত নিয়মে প্রত্যেক গ্রাসে গ্রাসে প্রত্যবেক্ষণ করতঃ আহার কৃত্য সমাপন করিবে। পাত্র, ভোজন শালায় ও আচার্য উপাধ্যায়ের প্রতি-পালনীয় ব্রত সমূহ পূর্ণ করিয়া বিবেকস্থানে উপবেশন করতঃ “অতীত প্রত্যবেক্ষণ” বলিবে ও স্বীয় শীল অবলোকন করিবে তদনন্তর গ্রহধুরে অনুযুক্তকারী “গ্রহধুর” এবং বিদর্শন ধুরে অনুযুক্তকারী “বিদর্শন ধুর” সূর্যাস্তকাল পর্যন্ত সাদরে পূর্ণ করিবে।

### পালি

১৩। অথ বারপ্তন্তেন সরীর পটিজগ্গনং কত্ত্বা অগ্গিমুপট্ঠা-  
পেত্ত্বা দীপং জ্বালেত্ত্বা ধম্মাসনং পঞ্ণপকেন পুকেব বৃত্ত-  
নযেন চেতিষঙ্গন বোধিষঙ্গন আচরিয়ুপজ্জ্বায় বৃড্ঢ সত্ত্ব-  
চারীসু পুরেতব্ব বত্তং পুরেত্ত্বা ধম্মং সত্ত্বা পরিত্তং ভণিষ্ণা  
পুচ্ছিতব্ব পঞ্ণপ অথি চে পুচ্ছিত্বা অন্তনো চ সত্ত্বক  
সেনাসনং গত্ত্বা সজ্জ্বায়িতব্বং ধম্মং সজ্জ্বায়ন্তেন পঠমং  
যামং খেপেত্ত্বা, চতুরারকখা মনসি কত্ত্বা পচ্ছিমযামেস স্পত্তে

উট্ঠহিসসামী'তি সম্পজ্ঞেপ্ণ পূব্‌বঙ্গমং নিদ্দং উপগম্ম  
 যথা পরিচ্ছেদং উট্ঠায় অতীত পচ্‌চবেক্খনং কত্তা  
 চতুরারক্খা রতনসুত্ত মেত্তাসুত্তাদিকং ভণিষা পূবেব্‌ বৃত্ত  
 সব্‌ব বত্তানি সম্পাদেত্তেন দিবসস্‌ন দিক্খত্তুং মেত্তা পরি-  
 ত্তং অট্ঠ সংবেগ বথুং অসুভসতিং মরণ সতিং দসধম্ম  
 সুত্তং চ মনুস্‌সত্তাদি ছল্লভতরঞ্চ মনসি করোত্তেন ছন্দাদি  
 অগতিগমনং পহায দিট্ঠে দোসে অঞ্‌ঞমঞ্‌ঞং  
 চোদেত্তেন মেত্তাবচীকম্ম পুরেত্তা :

### অনুবাদ

১৩। অতঃপর কার্যিক সেবা-শুষ্কবা করতঃ পালাক্রমে অগ্নি উপস্থাপন  
 করিবে, প্রদীপ জালিবে, ধর্মান্ন প্রজ্ঞাপ্ত করিবে, এবং পূর্বোক্ত  
 নিয়মে চৈত্যাঙ্গনবোধিঅঙ্গন, আচার্য উপাধ্যায় ও বয়োবৃদ্ধ সন্ন্যাস-  
 চারীদের প্রতি পূরণীয় ব্রত পূর্ণ করিয়া ধর্ম শ্রবণ করিবে, পরিত্রাণ  
 পাঠ করিবে কিছু জিজ্ঞাস্য থাকিলে তাহা জিজ্ঞাসা করিবে, এবং  
 নিজের শয্যায় গিয়া আয়ত্তি করিবে। ধর্ম আয়ত্তির দ্বারা স্নাত্তির  
 মধ্যম যাম ক্ষেপন করিবে।

তৎপর চতুরারক্ষা ভাবনা করিয়া “স্নাত্তির শেষধামে  
 গাত্রোথান করিব” এইরূপ সঙ্কল্প করিয়া স্মৃতি সহকারে নিদ্রা  
 বাইবে। সঙ্কল্পানুসারে নিদ্রা হইতে উঠিয়া অতীত প্রত্যাবেক্ষণ  
 করিবে। চতুরারক্ষা, রতন সূত্র ও মৈত্রী সূত্রাদি বলিয়া পূর্বোক্ত  
 নিয়মে সমস্ত ব্রত সম্পাদন করতঃ দিবসে দুইবার মৈত্রী সূত্র, অষ্ট  
 সংবেগ বস্ত্র, অশুভস্মৃতি, মরণস্মৃতি, দশধর্ম সূত্র এবং মনুস্মৃতি

দুৰ্লভতৰ বিষয়ে মনোনিবেশ কৰিবে। পক্ষপাতিত্বদোষ ত্যাগ কৰিয়া দোষ দেখিলে তাহা পরস্পর পরস্পরকে সতৰ্ক ও স্মরণ কৰাইয়া মৈত্ৰী বাক্য-কৰ্ম পূৰ্ণ কৰিবে।

### পালি

১৪। “যো পন ভিক্খু ধম্মানুধম্ম পটিপন্নো বিহরতি, সামীচি পটিপন্নো অনুধম্মচাৰী সো তথাগতং সঙ্করোতি, গরু করোতি মাণেতি পুজেতি পরমায পূজাযা’তি।” ভগবতা বৃত্তোবাদং মনসি কহ্বা এবং সম্মা সমুদ্বং পটি পত্তিয়া পুজেস্তেন এতং বথাবুত্ত দিন চরিত্তং-পুৰিতমী’তি। পুচ্ছিতেন তুণহীভাবেন চ গিলানাদি যেন কেনচি অকাসুকেন অপুৰিতেহি তস্দ কারণ কথনেন চ পমাদেন অকতেন চেতিযস্তুনে বালিকং ওকিরন্তেন দণ্ডকম্ম করণেন চ সব্বেদা সমগেংগন সম্মোদমানেন ইদং দিনচরিয়ং পহংসন্তেন সত্ত্ৰক্ষচাৰীনং চীৱয় নিৰ্ব্বন রজন পত্ত পচনাদি উচ্চাবচ করণীষেসু কুসলেন উজুচিতেন সুব্বচেন পাদ পুঞ্জনি সমেন নিহিতমানেন চেতনা

চতুসু পচ্বেসু অলোলুপ্পেন দ্বাদস-পৰিক্খাৰতো অধিকং অগণ্হন্তেন সন্নহকবুত্তিনা সন্তিদ্ৰিয়েন সন্তমানসেন কৰুণা পঞ্ৰুপা সমঙ্গিনা ছহা কাযগব্বে বচীগক্ক নম-ভাবেন কুলেসু অনুপলিত্তেন অগ্গমত্তং চে’পি পাপং অক-রোন্তেন এবং পটিপত্তিপূজায পূজযন্তেন লোকিয় লোকুত্তরং সুখং সম্পাদেত্তব্বং।

দিন চরিয়া নিট্ঠিতং।



### অনুবাদ

১৪। “যেই ভিক্ষু ধর্মে সম্যকরূপে প্রতিপন্ন হইয়া সম্যকরূপে ধর্মাচরণকারী হয়, সেই ভিক্ষুই তথাগতকে সৎকার করে, গৌরব করে, সমাদর করে, পরমা পূজায় পূজা করে।”

ভগবানকর্তৃক উক্তবাক্য মনোনিবেশ করিয়া এইরূপে সম্যক সম্মুখকে প্রতিপত্তি ধর্মে পূজা করতঃ ( প্রব্রজিত কর্তৃক ) এই কথা কথিত নিয়মে দৈনিক চর্যাপূর্ণ করিবে। এইরূপ সঙ্কল্পকারী কর্তৃক কোন প্রশ্ন জিজ্ঞাসা দ্বারা, মৌনভাব দ্বারা, রোগাদি যে কোন অসুখদ্বারা ব্রত অপূর্ণকারীগণকে তাহার কারণ বলিলে, সেই প্রমাদবশে ব্রত অপূর্ণকারীগণ চৈত্যাঙ্কণে বালুকা আনয়ণ পূর্বক দণ্ডকর্ম করিবে।

এইরূপে সর্বদা একতা ও প্রীতির সহিত এই দৈনিক চর্যা প্রশংসা করতঃ সন্ন্যাসীদের চীবর সেলাই ও রং করা এবং পাত্র রং করা ইত্যাদি ছোট বড় যাবতীয় কর্মকুশল ও ঋজু চিন্তে সম্পাদন করিবে। স্বেচ্ছা ও পাপোষের ন্যায় নিরংকারচিন্তে চতুর্বিধ প্রত্যয়ে লুক্ক না হইয়া দ্বাদশ পরিকার হইতে অধিক গ্রহণ না করতঃ রাগ-দ্বेष-মোহ বিহীন হইবে। শান্তেন্দ্রিয় ও শান্ত মনে করুণা প্রজ্ঞা সম্পন্ন হইয়া কাম-বাক্যের গর্ব ত্যাগ করতঃ বিনীত হইবে। কুলের প্রতি অনাসক্ত হইয়া অন্ন মাত্র ও পাপ না করতঃ এইরূপে প্রতিপত্তি পূজার দ্বারা পূজা করিয়া লৌকিক লোকুত্তর সুখ সম্পাদন করা কর্তব্য।

দৈনিক চর্যা সমাপ্ত।

পালি-চতু পৰিসুদ্ধ সীল ।

“সীলং চতুব্বিধং পাতিমোক্খো ইন্দ্রিয় সংবরো,  
আজীব পরিসুদ্ধি চ সীলং পচ্চয় সন্নিস্‌সিতং ।”

- ১। ইতি বৃত্ততা সীলং নাম চতুব্বিধং—পাতিমোক্খো-সংবর  
সীলং, ইন্দ্রিয় সংবর সীলং, আজীব পরিশুদ্ধি সীলং,  
পচ্চয় সন্নিস্‌সিতং সীলংতি ।

তথ কতমং পাতি মোক্খো সংবর সীলং ?

“তংপন ছবিধং হোতি”, চারিত্ত বারিত্ত বসেন—

অনুবাদ

চতু পৰিশুদ্ধি শীল ।

“প্রাতিমোক্‌ক সংবর, ইন্দ্রিয় সংবর, আজীব পরিশুদ্ধি শীল ও  
প্রত্যয় সন্নিপ্রিত শীল, ভেদে শীল, চতুবিধ ।

- ১। প্রাতিমোক্‌ক সংবর শীল, ইন্দ্রিয় সংবর শীল, আজীব পরিশুদ্ধি  
শীল, এবং প্রত্যয় সন্নিপ্রিত শীল, এই চতুবিধ শীল বলা হইয়াছে ।

তথায় প্রাতিমোক্‌ক সংবর শীল কয় প্রকার? প্রাতিমোক্‌ক  
সংবর শীল চারিত্ত ও বারিত্ত বশে দুই প্রকার ।

পালি

- ২। তথ চারিত্ত সীলং কি ?

চেতিষ বোধিঘর উপোসথাগারাাদীনি পটিজ্জগ গনং, তথ  
তথ সম্মজ্জনং, তিন্ণ, পন্ন, কচবরাদীনিং, হরণং, হরাপণং,  
সিব্বন পন্নকম্মকরণং কচবরাদীনি দিস্বা হরণং হরাপণং,  
গিলানানং চেব মহল্লক ভিক্খুনং চ সীলবস্ত গুণবস্তানং

পরিচরিত্যকরণং আচরিয়ে চ সীলবস্ত্রে চ দিবসস্ তিক্ত্বন্তুং  
 অভিবাদনং লক্ষ পিণ্ডপাত ভোজনং নিস্‌সিতকাণং পি  
 দ্ভা পরিভূঞ্জনং উগ্‌গহিত ধম্ম বিনয়ং অকুসীতেন পুনম্নুন  
 সজ্‌ঝাঘনং উগ্‌গহণ ধম্ম বিনয়ং ধম্ম ধারণং সন্তিকে কথা-  
 পেত্‌থা কথিত নিয়মেন পারিাযপুনানং সৰুচ্চং পরিমণ্ডলং  
 সুপ্‌পটিচ্ছন্নেন নিবাসনং পারুপণং পানীয়মন্তংপি পচ্চযস্‌সা  
 পরিভোগকালে পচ্চবেক্‌খণবসেন সঞ্‌ঞপ্পাদানং ইচ্‌চ্‌চাদি  
 বস্ত পটিবস্ত করণং চারিত্ত সীলং নাম ।

### অম্মবাদ

২।

সেই চারিত্র শীল কি ?

চারিত্রশীল : চৈত্যা, বোধি ঘর ও উপোসথাগারাদি নির্মাণ  
 ও মেরামত করা, উক্ত চৈত্যাди ও প্রাঙ্গণ সমূহ সম্ভার্জন করা,  
 ত্‌ণ, পর্ণ ও আবর্জনা তুলিয়া ফেলা বা তোলাইয়া ফেলা,  
 সেলাই ও বয়ন কর্মধারা ময়লা হইলে. তাহা দেখিয়া তুলিয়া ফেলা  
 বা তোলাইয়া ফেলা, রুগ্ন, বৃদ্ধ, শীলবান ও ঙ্‌ণবান ভিক্ষুদের  
 পরিচর্যা করা, আচার্য ও শীলবানদিগকে দিবসে তিনবার  
 অভিবাদন করা, প্রাপ্ত পিণ্ডপাত আশ্রিতদিগকে দিয়া ভোজন করা ।

শিক্ষাকৃত ধর্মবিনয় নিরলসভাবে পুনঃ পুনঃ আবৃত্তি করা ।  
 শিখিবার উপযুক্ত ধর্মবিনয় ধর্মধারী ভিক্ষুদের নিকট কহিয়া  
 বা কহাইয়া, কথিত নিয়মে শিক্ষা গ্রহণ করতঃ সুন্দররূপে পরি-  
 মণ্ডলাকারে ও সুপ্রতিচ্ছন্নাকারে পরিধেয়বস্ত্র পরিধান করিয়া ও  
 উত্তরাসঙ্গ পারুপণ করা এবং পানীয় মাত্রও পরিভোগকালে  
 প্রত্যবেক্ষণযোগে সজ্‌ঝা উৎপাদন করা ইত্যাদি ব্রত প্রতিব্রত  
 প্রতিপালন করাকে চারিত্র শীল বলে ।

## পালি

৩। তথ বারিত্ত সীলং কিং ?

ইদং ন কত্তব্বং'তি ভগবতা পটিক্খিত্তক্সস অকরণং সকচ্চং দস অকুশল কস্মপথতো বিরমিত্তা দসকুশল কস্মপথ করণং সীলং পরিপূরণং বারিত্ত সীলং । “এবং চারিত্ত বারিত্ত বসেন দুবিধং পাতিমোক্খ সংবর সীলং নাম ।”

## অনুবাদ

৩। সেই বারিত্ত শীল কি ?

বারিত্ত শীল : “ইহা করা উচিত নহে ।” বলিয়া ভগবান কর্তৃক যাহা প্রত্যাখ্যান করা হইয়াছে, তৎ সমুদয় না করা, সূন্দররূপে দশ অকুশল কর্মপথ হইতে বিরত হইয়া দশ কুশল কর্মপথে থাকিয়া শীল পূর্ণ করাকে বারিত্ত শীল বলে। চারিত্ত বারিত্ত বশে এই দ্বিবিধ শীলকে প্রাতিমোক্খ সংবরশীল বলে।

## পালি

৪। ইল্লিয় সংবর সীলং কিং ?

“চক্খু সোতাদি ভেদেহি রূপ সদ্ধাদি গোচরে, অভিজ্জা দোমনস্সাদি পবত্তিঃ বিনিবারয়ে।”

ইতি বৃত্তান্ত রূপ, সদ্ধ, গন্ধ, রস, ফোট্ঠক্ব ধম্মারম্ম-  
ণেসু সুভতো মনোসিকরন্তস্স উপ্পজ্জনক কামছন্দ কিলেস  
চোরস্স চ পটিঘব্বেন মনসিকরন্তস্স উপ্পজ্জনক ব্যাপাদ  
কিলেস চোরস্স চ অধোনিস মনসিকারবসেন পবত্তস্স

সম্মোহ কিলেস চোরস্ চ চিত্ত সঠানে উল্লঙ্খন-  
কবসেন পবিসিতুং অদত্বা বা চক্খুদ্বার, সোতদ্বার, ঘাণদ্বার,  
জিহ্বাদ্বার, কাযদ্বার, মনোদ্বার সতিকবাটেন পিদহিত্বা সতি-  
পঞ্ঞা সম্পন্নেন বিহরণং ইল্লিয় সংবর সীলং নাম ।

### অনুবাদ

৪। ইল্লিয় সংবর শীল কি ?

ইল্লিয় সংবর শীল : চক্ষু শ্রোত্রাদি ভেদে রূপ শব্দাদি গোচর  
বস্তু বিষয়ে লোভ দৌর্মগ্নত্বাদি প্রযুক্তিকে নিবারণ করিবে । এইরূপ  
কথিত হইয়াছে বলিয়া রূপ, শব্দ, গন্ধ, রস ও স্পর্শাদি ধর্মা-  
ন্নগ্নের প্রতি শুভাকারে মনোনিবেশকারীর উৎপন্ন কামেচ্ছাদি  
রাগচিন্তে মনোনিবেশকারীর হিংসা ও অসংযতভাবে মনোনিবেশ-  
বশে প্রযুক্তিত মোহরূপী ক্রেশচোরকে চিন্তে উৎপন্ন হইতে বা  
প্রবেশ করিতে না দিয়া চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায ও  
মনোদ্বার স্মৃতিরূপী কবাট দ্বারা বন্ধ করতঃ স্মৃতি প্রজ্ঞাসম্পন্ন  
হইয়া বাস করাকে ইল্লিয় সংবর শীল বলে ।

### পালি

৫। আজীব পরিসুদ্ধিসীলং কিং ?

আজীব হেতু আজীব কারণা কায বাচাহি পাণাতিপাতাদযো  
সত্ত অকুসল কন্মপথে অকত্বা কুহণ লপনাদি কোহঞ্ঞেণ  
অসন্তুগুণ পরিভাবনাদিং অকত্বা ধম্মেন সমেন উল্লন্ন পচ্চয়েন  
জীবিকা পবত্তনং আজীব পরিসুদ্ধ সীলং নাম ।

তেন বৃত্তং :

“দারুং বেলুং ফলং পুপ্ফ চূন্নং নহান মুখোদকং  
মত্তিকা দন্ত কট্ঠাদিং ন দদে কুল সঙ্গহং !

পরিভট্ঠকতা মুগ্গ স্প্যাতা বখু বিজ্জয়া,  
 পহেন দুতকম্মেন জংঘ পেসনিযেন বা;  
 অনুপ্পদানং পতিপিণ্ড বেজ্জকম্মেন বা পন,  
 নাঞ্ণে বা পি সম্বুদ্ধ পতিকুট্ঠেন জীবযে:  
 বিঞ্ণেতি নেসনা ভুতুল্পনা কুহণাদীহি,  
 কুলদুসাদি উপ্পন্ন পচ্চযে পরিবজ্জযে'তি ।”

### অনুবাদ

৫।

আজীব পরিশুদ্ধি শীল কি ?

আজীব পরিশুদ্ধি শীল : জীবিকা নির্বাহের জগু কার্য-  
 বাক্যে প্রাণীহত্যাাদি সপ্ত অকুশল কর্ম ২ না করিয়া ভোজ্যবি-  
 দ্যাাদি কুহকগুণ দ্বারা অবিষ্টমান গুণ প্রকাশ না করতঃ ধর্মানুসারে  
 প্রাপ্ত প্রত্যয়দ্বারা জীবন যাপন করার নাম আজীব পরিশুদ্ধি শীল।

সেই কারণে কথিত হইয়াছে :

বক্ষ, বাঁশ, ফল, চূর্ণ বা সাবান, সাবানের জল, মুখ ধুইবার  
 জল, মৃত্তিকা ও দস্তকাঠাদি গৃহীর মনোরঞ্জনের জগু অর্থাৎ প্রতি-  
 দান পাইবার আশ্রয় দিবেনা । পরিবর্তনকার্য, সত্যানুসত্য কথা  
 দ্বারা - মনতুষ্টি করা, ভিটা গণনাাদি অশাস্ত তন্ত্র ব্যবসাদিতে নিযুক্ত  
 হওয়া, গৃহীদের সংবাদ বাহকের কার্যকরা, ভিক্ষু গ্রামগদের স্বীয়

- ১। প্রাণীহত্যা চুরি, পরদার লঙ্ঘন এই তিনটি কার্যিক, মিথ্যা, পিশুন,  
 পুরুষ ও সম্প্রলাপ চারিটি বাচনিক; লোভ, হিংসা, মিথ্যা দৃষ্টি  
 এই তিনটি মানসিক অকুশল । এই দশটি অকুশল কর্মপথ ।  
 ২। উক্ত কার্যিক তিন প্রকার অকুশল ও বাচনিক চারি প্রকার  
 অকুশলকে সপ্ত অকুশল কর্মপথ বলে ।

কোন একটা কার্যে যাওয়ার সময় গৃহীদের সংবাদ লইয়া যাওয়া, দায়কদের দান দিবার ইচ্ছা নাই, অথচ তাহাকে নানা প্রকার বাক্য দ্বারা স্বীয় স্বার্থের জগু দানোৎপন্ন করা, দায়ক প্রদত্ত আহার হইতে গৃহীদের মনাকর্মণার্থ কিঞ্চিৎ আহার্য দ্রব্য গৃহীর কোন বালক বালিকার হাতে দেওয়া, বৈষ্ণব কর্মের দ্বারা ত্রিবিধ কায়িক ও চতুর্বিধ বাচনিক বিজ্ঞপ্তি দ্বারা অশেষণ করা, অদ্ভুত কর্ম দেখান, অমূলক ব্যাখ্যা করা ও সম্যকসম্বুদ্ধ কতৃক স্বণিত আরও অশ্রাণ কুহক গুণাদি দ্বারা জীবন যাপন করাকে কুলদূষক কর্ম বলে।

সুতরাং উক্ত কুলদূষক কর্মে প্রাপ্ত দ্রব্য সমূহ পরিত্যাগ করিবে।

পালি

৬।

পচ্চয় সন্নিসসিতং সীলং কিং ?

ধম্মেন সমেন উল্পনেন্সু চতুসু পচ্চয়েসু লোভ, দোস, মোহ অনুপ্পাদেত্তা অপ্পংতি বহুং অবিঞ্জাপেত্তা সংসার কান্তারতো নিত্থরণথায় ইদং কারণং'তি মঞ্জ্ঞ মানো পচ্চবেক্খিত্তা পরিভোগ করণং পচ্চয় সন্নিসসিত সীলং নাম।

এবং চতুসংবর সীলং সংখ্যেপথো জানিত্তা

অগারস্মিং চ অনাগারিয়ং চ বিহরেত্তেহি—আচার-কুলপুত্তেহি দিবসে দিবসে পঞ্চসীলানিচেব উপোসথ দিবসে অট্ঠঙ্গ সীলং চ উস্সাহে সতি দসসীলং চ সমাদায় সিক্খাপদানি রক্খিত্তা অভিজ্জা বিসম লোভাদীহি উপক্কিলেসেহি সীলং বিসোধেত্তা পুরেতব্বং।

চতুর্বিধো সংবর সীলং নিট্ঠিতং।

### অনুবাদ

৬।

প্রত্যয় সন্নিপ্রিত শীল কি ?

প্রত্যয় সন্নিপ্রিত শীল : ধর্মানুসারে প্রাপ্ত চারি প্রত্যয়ে লোভ, ঘেব ও মোহ উৎপাদন না করিয়া এবং অন্ন বলিয়া অধিক প্রার্থনা না করিয়া, সংসার-কাত্তার হইতে নিস্তার পাইবার জ্ঞান এই কারণ (হইয়াছে বলিয়া) মনে করতঃ প্রত্যবেক্ষণ করিয়া পরিভোগ করাকে প্রত্যয় সন্নিপ্রিত শীল বলে।

এইরূপে চারি সংবর শীলের সংক্ষেপার্থ জানিয়া গৃহী ও ভিক্ষুভাবে বাসকারী স্ত্রীআচার সম্পন্ন কুলের পুত্রগণ প্রত্যহ পঞ্চশীল, উপোসথ দিবসে অষ্টশীল, উৎসাহ করিলে দশশীলও গ্রহণ করিয়া রক্ষা করতঃ লোভ ও অতি-লোভাদির উপক্ৰেশ হইতে শীল বিশোধন করিয়া পূর্ণ করিবে।

চতুর্বিধ সংবর শীল সমাপ্ত।





### পঞ্চম পরিচ্ছেদ

“নমো তস্ম ভগবতো অরহতো সন্মাসম্বুদ্ধস্ম”

সরণ গমন

বুদ্ধং সরণং গচ্ছামি ।

ধম্মং সরণং গচ্ছামি ।

সংঘং সরণং গচ্ছামি ।

তুতিষম্পি ..... ততিষম্পি ..... ৩ বার বলিতে হইবে ।

কুমার পঞং হং

( কুমার প্রশ্ন )

কুমার প্রশ্নের উৎপত্তি

সোপাক নামক ভগবানের একজন মহাপ্রাবক ছিলেন । তিনি সাত বৎসর বয়সে অহং প্রাপ্ত হইয়া ভগবানের নিকট উপসম্পদা যাচঞা করেন । ভগবান তাঁহার জ্ঞান পরীক্ষার জন্য দশটি প্রশ্ন করেন । সোপাক প্রশ্নের উত্তর প্রদান করিয়া ভগবানের সন্তোষ বিধান করিলে ভগবান্ তাঁহাকে উপসম্পদা প্রদান করেন । সপ্তম বৎসর বয়স্ক কুমার কাশ্যপকে প্রশ্ন করা হইয়াছিল বলিয়া “কুমার পঞং হং নামে লিখিত” ।

- ১। এক নাম কিং ? “সবেব সত্তা আহরট্ঠিতিকা ।”
- ১। এক নাম কি ? “সকল প্রাণী আহর-স্থিতিক : অর্থাৎ আহার দ্বারা জীবিত থাকে ।
- ২। দে নাম কিং ? নামঞ্চ-রূপঞ্চ ।
- ২। তুই নাম কি ? নাম ও রূপ । নাম বলিতে সংজ্ঞা, সংস্কার, বেদনা ও বিজ্ঞান চারি স্বক্ক এবং রূপ বলিতে রূপস্বক্ক বুঝায় । একত্রে পঞ্চস্বক্ক ।

- ৩। তীনি নাম কিং ? তিসেসা বেদনা।
- ৩। তিন নাম কি ? তিন প্রকার বেদনা। যথা : সুখ বেদনা, দুঃখ বেদনা ও উপেক্ষাবেদনা।
- ৪। চত্তারি নাম কিং ? চত্তারি অরিথসচ্ছানি।
- ৪। চারি নাম কি ? চারি-আর্থ-সত্য।  
যথা : (১) “দুঃখ-আর্থ-সত্য, (২) দুঃখ সমুদয় আর্থ-সত্য। (৩) দুঃখ নিরোধ আর্থ-সত্য, (৪) দুঃখ নিরোধের উপায় আর্থ-সত্য।”
- ৫। পঞ্চ নাম কিং ? পঞ্চুপাদানক্খক্কা।
- ৫। পঞ্চ নাম কি ? পঞ্চ-উপাদানস্কন্ধ। যথা : “রূপ-উপাদানস্কন্ধ, বেদনা-উপাদানস্কন্ধ, সংজ্ঞা-উপাদানস্কন্ধ, সংস্কার-উপাদানস্কন্ধ ও বিজ্ঞান-উপাদানস্কন্ধ।”
- ৬। ছ নাম কিং ? ছ অজ্জ্বত্তিকানি আযতনানি।
- ৬। ছয় নাম কি ? ছয় আধ্যাত্মিক আয়তন।  
যথা : (১) চক্ষু-আয়তন, (২) শ্রোত্র-আয়তন, (৩) ভ্রাণ-আয়তন, (৪) জিহ্বা-আয়তন, (৫) কায়-আয়তন, ও (৬) মনায়তন।
- ৭। সত্ত নাম কিং ? সত্ত বোজ্জঙ্গা।
- ৭। সপ্ত নাম কি ? সপ্ত বোধ্যঙ্গ। যথা : (১) স্মৃতি সম্বোধ্যঙ্গ, (২) ধর্ম-বিচয়, (৩) বীর্য, (৪) প্রীতি, (৫) প্রসঙ্গি, (৬) সমাধি ও (৭) উপেক্ষা সম্বোধ্যঙ্গ।
- ৮। অট্ঠ নাম কিং ? অরিযো অট্ঠঙ্গিকো মগ্গো।
- ৮। অষ্ট নাম কি ? আর্থ অষ্টাঙ্গিক মার্গ।

যথা : (১) সম্যক্ দৃষ্টি, (২) সম্যক্ সংকল্প, (৩) সম্যক্ বাক্য, (৪) সম্যক্ কর্ম, (৫) সম্যক্ আজীব, (৬) সম্যক্ ব্যায়াম, (৭) সম্যক্ স্মৃতি, ও (৮) সম্যক্ সমাধি।

৯। নব নাম কিং ? নব সন্তাবাসা।

৯। নয় নাম কি ? প্রাণীগণের নয় প্রকার বাসস্থান।

যথা : (১) নানা-কায় নানা-সংজ্ঞা বিশিষ্ট, (২) নানা-কায়-এক সংজ্ঞা, (৩) এক-কায় নানা-সংজ্ঞা, ৪) এককায় এক সংজ্ঞা, ৫) অসংজ্ঞসত্ত্ব দেবগণ, ৬) অনন্তাকাশ-আয়তন উপগত প্রাণী, অর্থাৎ যাহারা রূপ-ভব হইতে সম্পূর্ণরূপে বিমুক্ত হইয়া “আকাশানন্ত” এই জ্ঞান প্রাপ্ত হইয়াছেন। (৭) বিজ্ঞানায়তন উপগত প্রাণী, অর্থাৎ যাহারা “বিজ্ঞানানন্ত” এই জ্ঞান প্রাপ্ত হইয়াছেন।

৮) অকিঞ্চনায়তন উপগত প্রাণী, অর্থাৎ যাহারা আকাশ ও বিজ্ঞানাভীত “কিছুই নাই” এই জ্ঞান প্রাপ্ত হইয়াছেন।

৯) নৈব সংজ্ঞা-নাসংজ্ঞায়তন উপগত প্রাণী, অর্থাৎ যাহারা অকিঞ্চন জ্ঞানাভীত সংজ্ঞা অসংজ্ঞা প্রাপ্ত সত্ত্বগণ।

১০। দস নাম কিং ? দস অঙ্গেহি সমনাগতো অরহাতি বৃচ্ছতি।

১১। দশ নাম কি ? দশ প্রকার অঙ্গ বা ধর্মের দ্বারা ভূষিত অহং।

যথা : (১) অশৈক্ষ্য সম্যক্ দৃষ্টি, (২) অশৈক্ষ্য সম্যক্ সংকল্প, (৩) অশৈক্ষ্য সম্যক্ বাক্য, ৪) অশৈক্ষ্য সম্যক্ কর্ম, (৫) অশৈক্ষ্য সম্যক্ আজীব, (৬) অশৈক্ষ্য সম্যক্ ব্যায়াম, ৭) অশৈক্ষ্য সম্যক্ স্মৃতি, (৮) অশৈক্ষ্য সম্যক্ সমাধি, (৯) অশৈক্ষ্য সম্যক্ জ্ঞান, (১০) অশৈক্ষ্য সম্যক্ বিমুক্তি।

## द्वित्रिंसाकार

### अथि इमस्मिं काये :

- १—५, केशा, लोमा, नथा, दन्ता, तचो ।  
७—१०, मंसं, नहारु, अट्ठि, अट्ठिमिञ्जा, वक्कं ।  
११—१५, हदयं, यकनं, किलोमकं, पिहकं, पण्फासं ।  
१७—१९, अस्तं, अस्तुणं, उदरियं, करिसं ।  
२०—२५, पित्तं, सेम्हं, पुव्वा, लोहितं, सेदो,  
मेदो ।  
२७—३०, अस्सु, वसा, खेलो, सिङ्घानिका, लसिका ।  
३१—३२, मुत्तं, मत्तके मत्तलुङ्गं ।

### अनुवाद

- १—५, এই শরীরে : কেশ, লোম, নখ, দন্ত, ত্বক ।  
৬—১০, মাংস, স্নায়ু, অস্থি, অস্থিমজ্জা, মূত্রাশয় ।  
১১—১৫, হৃদপিণ্ড, যকৃত, ক্রোম, প্রীহা, ফুসফুস ।  
১৬—১৯, অস্ত্র, ক্ষুদ্রান্ত্র, উদর, বিষ্ঠা ।  
২০—২৫, পিত্ত, স্নেহা, পূজ, রক্ত, শ্বেদ, মেদ ।  
২৬—৩০, অক্ষু, বসা, নিষ্টীবন, শিখনী, লসিকা ।  
৩১—৩২, মুত্র ও মস্তকে মস্তিস্ক ।

এই বত্রিশ প্রকার অপবিত্র জিনিষ গুলি বিষ্ণুমান আছে ।

### মঙ্গল সূত্রের উৎপত্তি

একদা ভগবান বুদ্ধের সময় 'কিসে মঙ্গল হয় ?' এই প্রশ্ন রাজগৃহের সত্কাগারে উত্থাপিত হইয়াছিল। এই বিষয় নিয়া জন-সাধারণের মধ্যে বিতর্ক সুরু হইয়াছিল। কেহ বলেন দর্শনে মঙ্গল, কেহ বলেন শ্রবণে মঙ্গল, কেহ বলেন স্পর্শে মঙ্গল। এই বিতর্ক শুধু মানুষের মধ্যে সীমাবদ্ধ ছিলনা ; দেবলোকে দেবতাদের মধ্যে ও ছড়াইয়া পড়িয়াছিল। কিন্তু বার বৎসর অতীত হইল কোন সমাধান খুঁজিয়া বাহির করা গেলনা।

অবশেষে দেবরাজ ইন্দ্র জর্নৈক দেবপুত্রকে সন্ধান করিয়া আদেশ করিলেন : "বৎস, তুমি মনুষ্যলোকে গিয়া ভগবান বুদ্ধকে এই বিষয় জিজ্ঞাসা কর।" দেবপুত্র ইন্দ্রের আদেশে শ্রাবস্তীর জেতরন বিহারে গিয়া ভগবান বুদ্ধের নিকট উপস্থিত হইয়া "কিসে মঙ্গল হয়" জিজ্ঞাসা করিলেন। উত্তরে ভগবান বুদ্ধ আটত্রিশ প্রকার মঙ্গল সংযুক্ত "মহামঙ্গল সূত্র" দেশনা করিয়াছিলেন।

### মহামঙ্গল সূত্রঃ

( নিদানং )

- ১। যং মঙ্গলং দ্বাদসহি চিন্তাষিঃসু সদেবকা,  
সোথানং নাধিগচ্ছন্তি অট্ঠতিংসঞ্চ মঙ্গলং।  
দেদিতং দেবদেবেন সৰ্বপাপ বিনাসনং,  
সৰ্বলোক-হিতথায় মঙ্গলং তং ভগাম হে।

### অনুবাদ

- ১। বার বৎসর পর্যন্ত দেবতা ও মনুষ্যগণ চিন্তা করিয়া যেই মঙ্গল জানিতে পারে নাই, সৰ্বপাপ বিনাশক সেই আটত্রিশ প্রকার মঙ্গল দেবতাদেব বুদ্ধ কৰ্তৃক সকল লোকের হিতের জগ্ৰ উপদিষ্ট হইয়াছে। সেই মঙ্গল আমরা পাঠ করিতেছি।

### সুতঃ

- ২। এবং মে সুতঃ : একং সময়ং ভগবা সাবখিযং বিহরতি জেতবনে অনাথ পিণ্ডিকস্ আৰামে। অথখো অঞংঞ-  
তরা দেবতা অভিক্কন্তায় রত্তিয়া অভিক্কন্তাবণ্ণা কেবল-  
কল্পং জেতবনং ওভাসেছা যেন ভগবা তেহুপসক্কমি।  
উপসক্কমিত্তা ভগবন্তং অভিবাদেছা একমন্তং অট্ঠাসি।  
একমন্তং ঠিতা খো সা দেবতা, ভগবন্তং গাথায় অজ্জ্বভাসি।

### অনুবাদ

- ২। আয়ুস্মান্ আনন্দ স্ববির বলিতেছেন, :-

আমি এইরূপ শুনিয়াছি, এক সময় ভগবান্ শ্রাবস্তীর জেতবনে অনাথ পিণ্ডিকশ্রেণী কৰ্তৃক নিমিত্ত আৰামে বাস করিতেছিলেন। তখন জনৈক দেবতা রাত্রির মধ্যযামে স্বকীয় দেহ প্রভায় সমস্ত জেতবন আলোকিত করিয়া, যেখানে ভগবান্, সেখানে উপস্থিত হইলেন। উপস্থিত হইয়া ভগবানকে অভিবাদন করিয়া একপ্রান্তে দণ্ডায়মান হইয়া সেই দেবতা ভগবানকে গাথাধারা নিবেদন করিবেন :

- ১। বহুদেবা মনুস্মা চ, মঙ্গলানি অচিন্ত্যুং,  
আকঙ্খমানা সোথানং, ক্রাহি মঙ্গলমুক্তমং ।  
অসেবনা চ বালানং, পণ্ডিতানঞ্চ সেবনা,  
পূজা চ পূজনীয়ানং, এতং মঙ্গল মুক্তমং ।

### অনুবাদ

- ১। বহুদেবতা ও মনুস্ম মঙ্গল বিষয় চিন্তা করিয়াছেন। কিন্তু কেহই তাহা জ্ঞাত হইতে পারে নাই। অতএব আপনি দেব মনুস্মগণের প্রতি অনুকম্পা করিয়া সেই উত্তম মঙ্গল কি বলুন? ভগবান্ বলিলেন : হে দেবপুত্র : অজ্ঞানী ব্যক্তির সেবা বা সঙ্গ না করা ; জ্ঞানী ব্যক্তির সেবা বা সঙ্গ করা এবং পূজনীয় ব্যক্তিগণের পূজা করা ; ইহাই উত্তম মঙ্গল ।

- ২। পতিরূপ দেববাসো চ, পুবে্ চ কত পুঞ্ঞতা,  
অন্তসম্মপণিধি চ, এতং মঙ্গলং মুক্তমং ।  
বহু সচ্চঞ্চ সিন্ধঞ্চ, বিনযো চ সুসিক্খিতো,  
সুভাসিতা চ যা বাচা, এতং মঙ্গল মুক্তমং ।

### অনুবাদ

- ২। ধর্মত জীবন যাপনের উপযোগী প্রতিরূপদেশে বাস-করা, পূর্বজন্মকৃত পুণ্যপ্রভাবে প্রভাবান্বিত থাকা, এবং নিজকে সম্যক পথে পরিচালিত করা ; ইহাই উত্তম মঙ্গল । বহু ধর্ম-শাস্ত্র বিষয়ে জ্ঞান লাভ করা, বিবিধ শিল্প-শিক্ষা করা, বিনয়ী ও শিক্ষিত হওয়া, সুভাষিত যে কোন বাক্য ভাষণ করা, ইহাই উত্তম মঙ্গল ।

- ৩। মাতা-পিতৃ উপট্ঠানং, পুত্রদারস্ন সঙ্গহো,  
অনাকুলাচ কস্মন্তা, এতং মঙ্গল মুত্তমং ।  
দানঞ্চ ধম্মচরিয়্যাচ, ঞ্জাতকানঞ্চ সঙ্গহো,  
অনবজ্জানি কস্মানি, এতং মঙ্গল মুত্তমং ।

### অনুবাদ

- ৩। মাতা-পিতার সেবা করা, স্ত্রী পুত্রের উপকার করা, নিষ্পাপ  
ব্যবসা-বাণিজ্যের দ্বারা ১ জীবিকা নির্বাহ করা, ইহাই উত্তম  
মঙ্গল । দান দেওয়া, ধর্মাচরণ করা, ভরণ-পোষণ ও সদুপদেশ দ্বারা  
জ্ঞাতীগণের ১ হিত সাধন করা, অনবশ্য কর্মসমূহ সম্পাদন করা  
ইহাই উত্তম মঙ্গল ।
- ৪। অরতি বিরতি পাপা, মজ্জপানা চ মসঞ্ঞমো,  
অপ্রমাদো চ ধম্মেসু, এতং মঙ্গল মুত্তমং ।  
গারবো চ নিবাতো চ, সন্তুট্ঠী চ কতঞ্ঞুতা,  
কালেন ধম্মসবনং, এতং মঙ্গল মুত্তমং ।

### অনুবাদ

- ৪। কায়িক ও মানসিক পাপে অনাসক্তি, শারীরিক ও বাচনিক  
পাপে বিরতি, মগ্ধপানে সংযম, অপ্রমত্তভাবে পুণ্যকর্ম সম্পাদন করা,  
ইহাই উত্তম মঙ্গল । গৌরবাস্থিত ব্যক্তিদিগের প্রতি গৌরব করা  
ও বিনয় প্রদর্শন করা, প্রাপ্ত বিষয়ে সন্তুষ্ট থাকা, উপকারীর  
উপকার স্বীকার করা, এবং যথাসময়ে ধর্ম শ্রবণ করা ; ইহাই  
উত্তম মঙ্গল ।

- 
- ১। মৎস, মাংস, বিষ, অস্ত্র, স্ত্রী প্রভৃতি পঞ্চ বাণিজ্য বর্জন করিবে ।



- ৫। খন্তীচ সোবচস্‌সতা, সমগানঞ্চ দস্‌সনং,  
কালেন ধম্ম সাকচ্ছা, এতং মঙ্গল মুত্তমং,  
তপো চ ব্রহ্মচরিয়ঞ্চ, অরিয়সচ্চান দস্‌সনং,  
নিব্বাণ সচ্ছিকিরিয়াচ, এতং মঙ্গল মুত্তমং।

### অনুবাদ

- ৫। ক্ষমাশীল হওয়া, গুরুজনের আদেশ পালনে সুবাস্যতা,  
শীলগুণ বিমণ্ডিত শ্রামণগণকে দর্শন করা, ওযথাসময়ে ধর্মালোচনা  
করা ; ইহাই উত্তম মঙ্গল। পাপ বিনাশের জন্ত তপস্বী, ব্রহ্মচর্যপালন,  
চতুরার্ষসত্য প্রত্যক্ষকরণ, এবং পরমপদ নির্বাণ সাক্ষাৎ করা ; ইহাই  
উত্তম মঙ্গল।
- ৬। ফুট্ঠস্‌স লোকধম্মেহি, চিত্তং যস্‌স ন কম্পতি,  
অসোকং বিরজং খেমং, এতং মঙ্গল মুত্তমং।  
এতাদিসানি কত্ত্বান সব্বথমপরাজ্জিতা,  
সব্বথ সোখিং গচ্ছন্তি, তং তেসং মঙ্গলমুত্তমন্তি।

### অনুবাদ

- ৬। অষ্টলোকধর্মে ১। অবিচলিত থাকার, শোকহীনতা, লোভ-দ্বेष-  
১। জ্ঞাতি বলিলে মাতৃকুলের সপ্তম পুরুষ এবং পিতৃকুলের সপ্তম পুরুষ  
পর্যন্ত জ্ঞাতি।  
২। লাভ/অলাভ, যশঃ - অযশঃ, নিদা প্রশংসা, সুখ-দুঃখ এই অষ্ট-  
লোকধর্ম।

মোহরূপ কলুষহীনতা এবং ক্ষেমপ্রদ নির্বাণ ; ইহাই উত্তম মঙ্গল।  
 হে দেবপুত্র ! এইরূপ মঙ্গল কার্য সমূহ সম্পাদন করিয়া সর্বত্র  
 পরাভূত না হইয়া থাকে, ইহপরকালে সর্বত্রই স্বস্তিলাভ করে।  
 অতএব ইহাদিগকে শ্রেষ্ঠ মঙ্গল বলিয়া অবধারণ কর।

### রত্ন সূত্রের উৎপত্তি

ভগবান বুদ্ধের জীবদ্দশায় বৈশালী অতিশয় সমৃদ্ধশালী জনাকীর্ণ  
 লিচ্ছবিদের গণরাজ্য ছিল। অনাথ্যষ্ট বশতঃ রাজ্যের শয্যাক্ষেত্র বিনষ্ট  
 হইল। দেশে ভয়ানক দুভিক্ষের করাল ছায়া নামিয়া আসিল। অর্ধা-  
 হারে ও অনাহারে দেশব্যাপী মহামারী দেখা দিল। ইহাতে অগণিত  
 লোকের মৃত্যু হইল।

ক্রমে যুতদেহের সংকার করাও অসম্ভব হওয়ায় অগত্যা নগরের  
 বাহিরে ফেলিয়া দেওয়া হইত। গলিত শবের দুর্গন্ধে অমনুষ্যের উপদ্রব  
 বাড়িয়া গিয়াছিল। দুভিক্ষ, রোগ, ও অমনুষ্য এই ত্রিবিধ ভয়ে সমস্ত  
 বৈশালীবাসীর আকুল আস্থানে করুণাময় বুদ্ধ সশিষ্যে বৈশালীতে  
 পদার্পণ করেন। ভগবান বুদ্ধ বৈশালীতে পদার্পণ করিলে মুষল ধারে  
 ষষ্ঠি আরম্ভ হইল। অতি বর্ষণ জনিত জল প্রাবন হইয়াছিল। ইহাতে  
 বৈশালীর দুর্গন্ধ যুতদেহ ভাসিয়া গিয়া ভূ-পৃষ্ঠ ধুইয়া গেল। অমনুষ্যাগণ  
 পলায়ন করিল।

অতঃপর ভগবান বুদ্ধ আনন্দ স্ববিরকে “রত্ন-সূত্র” আশ্রিত্তি করিয়া  
 নগর প্রদক্ষিণ করিতে আদেশ দিলেন। বুদ্ধের আদেশে আশ্রুমান আনন্দ

স্ববির ও লিচ্ছবি রাজকুমারগণ বৈশালী নগরের চারিধারে “রত্ন-সূত্র” পাঠ করিয়া জল সিঞ্চন করিলেন। ইহারই প্রভাবে বৈশালীর রোগ-অমনুষ্য-দুভিক্ষ এই ত্রিবিধ উপদ্রব (তিরোহিত) অন্তর্হিত হইয়াছিল।

রতন স্তোত্রং

( নিদানং )

- ১। কোটি সতসহস্বেশু চক্রবালেশু দেবতা,  
যস্মানম্পটিগ গণহস্তি যঞ্চ বেসালিযা পুরে।  
রোগামনুষ্য ছব্ভিক্খ সম্ভুতং ত্রিবিধং ভযং,  
খিঞ্জমস্তরধাপেসি পরিত্তং তং গুণাম হে।

রত্ন-সূত্র

( নিদান )

কোটি শত সহস্র চক্রবালবাসী দেবতাগণ ষাঁহার আদেশ প্রতি-পালন করেন এবং যেই পরিত্রাণ বৈশালী নগরে পাঠ করিয়া রোগ, অমনুষ্য, দুভিক্ষ ভয় জাতঃ এই ত্রিবিধ ভয় তৎক্ষণাৎ অন্তর্দান হইয়াছিল ; হে শোভবর্গ, আমরা সেই পরিত্রাণ পাঠ করিতেছি।

স্তোত্রং

- ১। যানীধ ভূতানি সমাগতানি,  
ভূম্মানি বা যানি ব অন্তলিক্খে।  
সকেবব ভূতা স্মননা ভবন্তু,  
অথোপি সক্চচ স্গন্তু ভাসিতং।

### অনুবাদ

১। ভূমিবাসী বা অন্তরীক্ষস্থিত যে সকল ভূতগণ এখানে সমাগত হইয়াছে, তোমরা সকলে সন্তুষ্ট হও, এবং মনোযোগের সহিত শ্রবণ কর।

২। তস্মাহি ভূতা নিসামেথ সবে,  
মেত্তং করোথ মানুসিয়া পজায়।  
দিবা চ রত্তো চ হরন্তি যে বলিং,  
তস্মাহি নে রক্খথ অল্পমত্তা।

### অনুবাদ

২। তদ্ব্যতীত হে ভূতগণ, তোমরা সকলে আমার উপদেশ মনোযোগ সহকারে শ্রবণ কর। মনুষ্যগণ দিবারাত্র তোমাদিগকে পুণ্যফল প্রদান করিতেছে। তোমরা তাহাদের প্রতি মৈত্রী পরায়ণ হইয়া অপ্রমত্তভাবে তাহাদিগকে রক্ষা কর।

৩। যং কিঞ্চি বিত্তং ইধ বা ছরং বা,  
সগেগ্গসু বা যং রতনং পণীতং ;  
ননো সমং অথি তথাগতেন।  
ইদম্পি বুদ্ধে রতনং পণীতং ;  
এতেন সচ্চেন সুবথি হোতু।

### অনুবাদ

৩। ইহ-পরলোকে যে কিছু বিত্ত আছে, স্বর্গলোকে যে কিছু পরম রত্ন আছে, তাহাদের কোনটাই তথাগত বুদ্ধের সমান নহে। এই সকল রত্ন হইতে বুদ্ধ রত্নই শ্রেষ্ঠ। এই সত্য বাক্য দ্বারা শুব্ধ হউক।

- ৪। খং বিরাগং অমতং পণীতং,  
 যদজ্জ্বগা সাক্যমুণী সমাহিতো ;  
 ন তেন ধম্মেন সমথি কিঞ্চি ।  
 ইদম্পি ধম্মে রতনং পণীতং ;  
 এতেন সচ্চেন সুবথি হোতু ।

### অনুবাদ

- ৪। ধ্যান পরায়ন শাক্যমুনি বুদ্ধ, লোভ-দ্বेष-মোহ ক্ষয়কর  
 বিরাগ ও অনুপম নির্বাণমুত পান করিয়াছেন। সেই নির্বাণ-  
 দায়ক ধর্মের সমান আর কিছুই নাই। এই ধর্মই শ্রেষ্ঠরত্ন।  
 এই সত্যবাক্যদ্বারা মঞ্জল হটক।

- ৫। যং বুদ্ধসেট্ঠো পরিবন্নঘী—শুচিং,  
 সমাধিমানন্তরিকএঃএঃ মাহ ;  
 সমাধিনা তেন সমো ন বিজ্জতি ।  
 ইদম্পি ধম্মে রতনং পণীতং,  
 এতেন সচ্চেন সুবথি হোতু ।

### অনুবাদ

- ৫। বুদ্ধ-শ্রেষ্ঠ যে শুচি-মাধির প্রশংসা করিয়াছেন, বাহার  
 ফল কার্যারম্ভের সঙ্গে সঙ্গেই পাওয়া যায় ; সেই সমাধির সমান  
 অন্য কোন সমাধি নাই। এই ধর্মই শ্রেষ্ঠ-রত্ন। এই সত্য বাক্যদ্বারা  
 শুভ হটক।

- ৬। যে পুণ্গলা অট্ঠসতং পসত্থা,  
 চত্তারি এতানি যুগানি হোন্তি।  
 তে দক্খিণেয়্যা সুগতস্স সাবকা,  
 এতেস্স দিন্নানি মহপ্পলানি।  
 ইদম্পি সজেষ রতনং পণীতং,  
 এতেন সচেচন সুবথি হোতু।

### অনুবাদ

- ৬। যে অষ্ট-পুদ্গল ১। বুদ্ধাদি সংপুরুষ কর্তৃক প্রশংসিত,  
 ষাঁহারা চারিযুগলে ২। বিভক্ত, তাঁহারা দাক্ষিণের সুগত  
 শ্রাবক। তাঁহাদিগকে দান করিলে প্রদত্ত দান মহাফলপ্রদ হয়।  
 সেই সংঘই শ্রেষ্ঠ-রত্ন। এই সত্যবাক্যে শুভ হউক।

- ৭। যে সুপ্নযুক্তা মনসা দল্হেন,  
 নিকামিনো গোতম সাসনম্পি।  
 তে পত্তিপত্তা অমতং বিগযহ,  
 লদ্ধা মুধা নিকবুত্তিং ভুঞ্জ মানা।  
 ইদম্পি সজেষ রতনং পণীতং,  
 এতেন সচেচন সুবথি হোতু।

### অনুবাদ

- ৭। ষাঁহারা গোতম বুদ্ধের শাসনে স্থিরচিত্তে অবস্থিত, সেই  
 নিকাম পুরুষগণ নির্বাণায়তে অবগাহন করিয়া বিনামূল্যে লব্ধ  
 নির্বাণসুখ উপভোগ করিতেছেন। সেই সংঘই শ্রেষ্ঠ-রত্ন। এই  
 সত্যবাক্যে শুভ হউক।

- 
- ১। ২। স্রোতাপত্তি, সঙ্কমাগামী ও অর্হৎ ভেদে চারি যুগল  
 বা জোড়ামার্গ ও ফল ভেদে অষ্ট পুদ্গল।

- ৮। যথিন্দ্রখীলো পঠবিং সিতোসিয়া,  
 চতুত্তি বাতেতি অসম্পকম্পিযো।  
 তথুপমং সগ্নুরিসং বদামি,  
 যো অরিসচ্চানি অবেচ্চ পস্‌সতি।  
 ইদম্পি সজ্জে রতনং পণীতং,  
 এতেন সচ্চেন স্‌যথি হোতু।

### অনুবাদ

- ৮। ভূমিতে দৃঢ়রূপে প্রোথিত ইন্দ্রখীল যেমন চতুদ্দিকের  
 বাতাসে কম্পিত হয় না, যিনি চতুরার্যসত্য প্রজ্ঞাচক্ষুতে দর্শন  
 করিয়াছেন; সেই সংপুরুষকেও আমি ইন্দ্রখীল সদৃশ বলিতেছি।  
 সেই সংঘই শ্রেষ্ঠ-রত্ন। এই সত্যবাক্যে শুভ হউক।
- ৯। যে অরিষ সচ্‌চানি বিভাব্যস্তি,  
 গম্ভীর পঞেঞন স্‌দেসিতানি।  
 কিঞ্চাপি তে হোস্তি ভূসগ্নমত্তা,  
 নতে ভবং অট্‌ঠমং আদিযস্তি।  
 ইদম্পি সজ্জে রতনং পণীতং,  
 এতেন সচ্চেন স্‌যথি হোতু

### অনুবাদ

- ৯। গভীর প্রাজ্ঞ বুদ্ধ কর্তৃক সুন্দররূপে দ্বেশিত চারি আর্যসত্য  
 ষাঁহারা বিশেষভাবে প্রকাশ করেন. তাঁহারা প্রমাদ বহল  
 হইলে ও অষ্টমবার ভবে জন্মগ্রহণ করেন না। এই সংঘই পরম  
 রত্ন। এই সত্যবাক্যে শুভ হউক।

- ১০। সহাবস্‌স দস্‌সন সম্পদায়,  
 তযস্‌সু ধম্মা জ্জহিতা ভবন্তি ।  
 সক্কাযদিট্ঠি বিচিক্কি তঞ্চা,  
 সীলববতং বাপি বদথি কিঞ্চি ।  
 চতুহ পাযেহি চ বিল্পমুত্তো,  
 ছ চাভিট্ঠানানি অভবো কাতুং ।  
 ইদম্পি সজেষ রতনং পণীতং,  
 এতেন সচেচন সুবথি হোতু ।

### অনুবাদ

- ১০। দর্শন সম্পদ লাভের সঙ্গে সঙ্গেই সংকায়দুটি, সংশয় ও শীলব্রত এই তিনটি ধর্ম দূরীভূত হয়। তাঁহারা চারি অপায় হইতে মুক্ত হন; ছয় প্রকার মহাপাপ করিতে অক্ষম হন। ১। সেই সংঘই পরমরত্ন। এই সত্যবাক্যে শুভ হউক।

- ১১। কিঞ্চাপি সো কস্মং করোতি পাপকং,  
 কাযেন বাচা উদ চেতসা বা ।  
 অভবো সো তস্‌স পটিচ্ছদায়,  
 অভবতা দিট্ঠপদস্‌স বৃত্তা ।  
 ইদম্পি সজেষ রতনং পণীতং,  
 এতেন সচেন সুবথি হোতু ।

### অনুবাদ

- ১১। য্রোতাপন্ন আর্যশ্রাবকগণ কায়-বাক্য-মনের দ্বারা পাপকর্ম করিলেও তাহা গোপন করিতে পারেনা। কারণ সম্যক্‌দুটি সম্পন্ন

- ১। মাতৃ হত্যা, পিতৃ হত্যা, অর্হৎ হত্যা, বুদ্ধের পদ হইতে রক্তপাত, অপর ধর্ম গ্রহণ ও সংঘভেদ এই ছয় প্রকার মহাপাপ করিতে পারে না।



ব্যক্তির পক্ষে পাপ গোপন করা অসম্ভব। সেই সংঘই শ্রেষ্ঠ-রত্ন।  
এই সত্যবাক্যে শুভ হউক।

- ১২। বনপ্লগুশ্বে যথা ফুস্‌সিতগেংগ,  
গিম্‌হান মাসে পঠমস্মিং গিম্‌হে  
তথুপমং ধম্মবরং অদেসযী,  
নিব্বাণগামিং পরমং হিতায়।  
ইদম্পি বুদ্ধে রতনং পণীতং,  
এতেন সচ্চেন সুবখি হোতু।

### অনুবাদ

- ১২। গ্রীষ্মকালের প্রথম মাসে বনে বৃক্ষলতাদির শাখাগ্র সুপুষ্টিত  
ফুলে যেমন অতিশয় শোভা ধারণ করে, তেমন শীল-সমাধি প্রভৃতি  
পুষ্পের দ্বারা শোভাসম্পন্ন নির্বাণগামী শ্রেষ্ঠ ধর্ম পরম হিতের জন্য  
বুদ্ধ দেশনা করিয়াছেন। সেই বুদ্ধই শ্রেষ্ঠ রত্ন। এই সত্যবাক্যে  
শুভ হউক।

- ১৩। বরো বরংএঃএঃ বরদো বরাহরো,  
অনুত্তরো ধম্মবরং অদেসযী।  
ইদম্পি বুদ্ধে রতনং পণীতং,  
এতেন সচ্চেন সুবখি হোতু।

## অনুবাদ

১০। যেই শ্রেষ্ঠ নির্বাণজ্ঞ, বর প্রদানকারী, শ্রেষ্ঠ মার্গ আহরণ-  
কারী, অনুত্তর বুদ্ধ জগতে উত্তম নবলোকোত্তরধর্ম দেশনা করিয়া-  
ছেন। সেই বুদ্ধই শ্রেষ্ঠ-রত্ন। এই সত্যবাক্যে শুভ হউক।

১৪। খীণং পুরাণং নবং নখি সন্তবং,  
বিরন্তচিত্তা আযতিকে ভবস্মিং।  
তে খীণ বীজা অবিকুল্হি ছন্দা,  
নিব্বন্তি ধীরা যথাষং পদীপো।  
ইদম্পি সজ্জেষ রতনং পণীতং,  
এতেন সচ্চেন স্তবখি হোতু।

## অনুবাদ

১৪। মার্গজ্ঞান দ্বারা যাঁহাদের পুরাতন কর্মবীজ ক্ষীণ ও নূতন  
কর্মবীজ উপস্তির হেতু বিষ্ণমান নাই, ভবিষ্যৎ জন্মগ্রহণের আসক্তি  
নাই, সেই ক্ষীণবীজ অল্পকি পরায়ন পণ্ডিতগণ নিবিয়া যাওয়া  
প্রদীপের ন্যায় নির্বাণ প্রাপ্ত হইয়া থাকেন। সেই সংঘই শ্রেষ্ঠ-  
রত্ন। এই সত্য বাক্যে শুভ হউক।

১৫। যানীধ ভূতানি সমাগতানি,  
ভূম্মানি বা যানিব অস্তলিক্খে।  
তথাগতং দেব-মন্সুস পূজিতং,  
বুদ্ধং নমস্‌সাম স্তবখি হোতু।

### অনুবাদ

১৫। অতঃপর দেবরাজ ইন্দ্র বলিলেনঃ ভূমিবাসী বা আকাশ-বাসী যে সকল ভূতগণ এখানে সমবেত হইয়াছেন, চলুন আমরা সকলে সম্মিলিত হইয়া দেব-মনুষ্য পূজিত; তথাগত বুদ্ধকে নমস্কার করি। তাহাতে সকলের স্বস্তি হউক।

১৬। যানীধ ভূতানি সমাগতানি,  
ভূম্মানি বা যানিব অন্তলিক্খে।  
তথাগতং দেবমনুস্স পূজিতং,  
ধম্মং নমস্সাম সুবত্তি হোতু।

১৭। যানীধ ভূতানি সমাগতানি,  
ভূম্মানি বা যানিব অন্তলিক্খে।  
তথাগতং দেব-মনুস্স পূজিতং,  
সঙঘং নমস্সাম সুবত্তি হোতু।

### অনুবাদ

১৬। ১৭নং গাথা ১৫নং গাথার অনুবাদের মত। শুধু “ধর্ম্মং” ধর্ম্মকে, ‘সঙ্ঘং সঙ্ঘকে এই মাত্র প্রভেদ। সূত্র দেশনা অবসানে বৈশালীবাসীর মঙ্গল সাধিত হইল; সমস্ত উপদ্রব বিনষ্ট হইল এবং ৮৪ হাজার প্রাণীর ধর্ম্মজ্ঞান লাভ হইল।

### তিরোকুড্ড সূত্রের উৎপত্তি

ভগবান বুদ্ধ সম্বোধিলাভের পর ঋষি পতন হৃগদাবে ধর্ম-চক্র প্রবর্ত্তন করিয়া বর্ষাবাসের পর রাজগৃহে পদার্পণ করেন। তথায়

সপারিষদ মহারাজ বিধিসারকে ত্রিশরণে দীক্ষিত করেন। অতঃপর মহারাজ বুদ্ধ প্রমুখ ভিক্ষু সংঘকে নিমন্ত্রণ করিয়া মহাদান দেন। রাত্রিকালে মহারাজ অমনুষ্য শব্দে ভীত হইয়া প্রভাতে বুদ্ধের কাছে তাহার কারণ জিজ্ঞাসা করিয়া জানিলেন যে, মহারাজের পূর্বজ্ঞাতিগণের অনেকেই দীর্ঘদিন যাবৎ প্রৈতযোনীতে উৎপন্ন হইয়া অবস্থান করিতেছে। তাঁহারা মনে করিয়াছিল এইবার আপনি দান দিয়া তাহাদিগকে পুণ্যদান করিবেন। কিন্তু আপনি তাহা করেন নাই। তজ্জন্য তাহারা আপনার প্রতি খেদ প্রকাশ করিয়াছে।

তখন রাজা জিজ্ঞাসা করিলেন, তাহা হইলে এখন আমার করণীয় কি? বুদ্ধ বলিলেনঃ “মহারাজ, আপনি দান দিয়া যে পুণ্য সঞ্চয় করিয়াছেন; তাহা তাহাদিগকে দান করুন।”

অতঃপর রাজা বিধিসার বুদ্ধ প্রমুখ ভিক্ষুসংঘকে পুনঃ মহাদান দিয়া “ইদং মে ঞ্জাতীনং হোতু, স্মখিতা হোন্ত ঞ্জাতয়ো।” এই বলিয়া জ্ঞাতি প্রৈতদিগকে পুণ্যদান করিলেন। তখন রাজার জ্ঞাতি প্রৈতগণ খাণ্ড, ভোজ্য, বস্ত্র, শয়নাসন ও দিব্যদেহ লাভ করিল। ভগবান ঋদ্ধিযোগে মহারাজকে জ্ঞাতিগণের দিব্যদেহ লাভ দর্শন করাইলেন। এই সময় ভগবান দান অনুমোদন করিতে গিয়া “তিরোকুড্ড সূত্র” দেশনা করিলেন।

### তিরোকুড্ড সূত্রং

- ১। তিরোকুড্ডেসু তিট্ঠন্তি সন্ধিসিঙ্ঘাটকেসু চ,  
 দ্বারবাহাসু তিট্ঠন্তি আগন্ত্বান সকং ঘরং।  
 পহতে অন্ন পানম্হি খজ্জভোজ্জে উপট্ঠিতে,  
 ন তেসং কোসি সরতি সত্ত্বানং কস্ম পচ্ছযা।

## অনুবাদ

- ১। প্রেতযোনিগত জ্ঞাতিগণ স্বগৃহে আসিরা প্রাচীরের দ্বারে, ঘরের কোণে, রাস্তার চৌমাথায় বা দরজার পার্শ্বে দাঁড়াইয়া থাকে। প্রভূত অন্ন-পানীয় এবং খাদ্য-ভোজ্য বর্তমান থাকিলেও সন্তুগণের কর্মফলহেতু কেহ তাহাদিগকে স্মরণ করেনা।

- ২। এবং দদন্তি ঐগতীনং যে হোন্তি অনুকম্পকা,  
সূচিং পনীতং কালেন, কপ্লিযং পান ভোজনং ;  
“ইদং নো ঐগতীনং হোতু স্মখীতা হোন্তু ঐগতযো।”  
যে চ তথ সমাগন্তা ঐগতিপেতা সমাগতা,  
পহুতে অন্ন পানম্হি সন্ধুচং অনুমোদরে।

## অনুবাদ

- ২। ঝাঁহারা জ্ঞাতিগণের প্রতি অনুকম্পা পরায়ণ তাঁহারা যথা-  
কালে শূচি, উত্তম খাদ্য ও পানীয় জ্ঞাতিগণের উদ্দেশ্যে এইরূপে  
দান করেন : “ইহা আমাদের জ্ঞাতিগণের হউক, জ্ঞাতিরা স্মখী  
হউক।” এই বলিয়া জ্ঞাতিগণকে পুণ্যদান করেন। সেই সমাগত  
জ্ঞাতিপ্রেতগণ তথায় উপস্থিত হইয়া প্রভূত অন্ন পানীয় দানজনিত  
পুণ্যরাশী সগৌরবে— অনুমোদন করে।

- ৩। চিরং জীবন্ত নো ঐগতী যেসং হেতু লভামসে,  
অম্হাকঞ্চ কতা পূজা দায়কা চ অনিপ্ফলা।

---

এক বচনে নো স্থলে মে বলিতে হইবে। কোন কোন গ্রন্থে ‘ইদং  
বো’ পরিপ্লবিত হয়।

নহি তথ্ কসি অথি, গোরক্খেন্ ন বিজ্জতি,  
বাণিচ্ছা তাদিসী নথি হিরণ্ণেন্ কযাক্খং ;  
ইতো দিন্নেন্ যাপেত্তি, পেতা কালকতা তহিং ।

### অনুবাদ

৩। যাহাদের অনুগ্রহে পুণ্যফল লাভ করিলাম, আমাদের সেই জ্ঞাতিগণ দীর্ঘজীবী হউক ; আমাদেরিগকেও পূজা করা হইল ; দায়কেরও দান নিফল হইল না। সেখানে (প্রেতলোকে) কৃষি, গোপালন নাই, তাদৃশ বাণিজ্য ও হিরণ্যাদির বিনিময়ে ক্রয়-বিক্রয় ও নাই। এখান হইতে প্রদত্ত পুণ্যদ্বারা কালগত প্রেতগণ তথায় জীবন যাপন করিয়া থাকে।

৪। উন্নমে উদকং বট্টং যথানিন্নং পবত্ততি,  
এষমেব ইতো দিন্নং পেতানং উপকল্পতি ।  
যথা বারিবহা পুরা পরিপূয়েত্তি সাগরং,  
এষমেব ইতোদিন্নং পেতানং উপকল্পতি ।

### অনুবাদ

৪। উন্নতস্থান হইতে বসিত জল যেমন নিম্নদিকে প্রবাহিত হয়। সেইরূপ ইহলোক হইতে প্রদত্ত পুণ্যরাশীও প্রেতগণের উপকার করে। পূর্ণ নদী যেমন জল বহন করিয়া সাগরকে পরিপূর্ণ করে। সেইরূপ ইহলোক হইতে প্রদত্ত পুণ্যফলও তথায় প্রেতগণের উপকার করে।

- ৫। অদাসিমে অকাসিমে ঞ্জাতিমিত্তা সখা চ মে,  
পেতানং দক্ষিণং দজ্জা পুবেব কতমনুস্‌সরং ।  
নহি রুন্নং বা সোকো বা যা চ'ঞঞা পরিদেবনা,  
নতং পেতানমথায এবং তিট্ঠিস্তি ঞ্জাতযো ।

### অনুবাদ

৫। আমার জাতি-মিত্র-সখা (জীবিতকালে) আমাকে কত দিগ্নাছে, আমার কত উপকার করিয়াছে ; ইত্যাদি পূর্বকৃত উপকার স্মরণ করিয়া প্রেতদিগের উদ্দেশে দক্ষিণা দেওয়া উচিত । এইরূপে জাতিপ্রেতগণ থাকে ; সেখানে রোদন, শোক বা পরিদেবন প্রেতদিগের কোন উপকারে আসে না ।

- ৬। অযঞ্চ খো দক্ষিণা দিন্না সজ্জম্‌হি স্প্রতিট্ঠিতা,  
দীঘরত্তং হিতাযস্‌স ঠানসো উপকপ্পতি ।  
সো ঞ্জাতি ধম্মো চ অযং নিদস্‌সিতো,  
পেতানং পূজা চ কতা উলারা ।  
বলঞ্চ ভিক্‌খুনং অনুপ্পদিন্নং,  
তুম্‌হেহি পুঞ্‌ঞং পসুতং অনপ্পকস্‌সি ।

### অনুবাদ

৬। এই প্রদত্ত দক্ষিণা সংঘে স্প্রতিষ্ঠিত হইল, ইহা তাহাদের দীর্ঘকাল হিতের জন্ত যথাসময়ে তাহাদের নিকট পুণ্যফল উপস্থিত হয় । এইদান দ্বারা জাতিধর্ম পালন করা হইল ; প্রেতগণের ও পূজা করা হইল । ভিক্ষু সংঘের শক্তি বর্ধন করা হইল । তোমাদের দ্বারা প্রভূত পুণ্য সঞ্চয় করা হইল ।

### নিধিকণ্ড সূত্রের উৎপত্তি

ভগবান্ বুদ্ধের সময় শ্রাবস্তী নগরে এক ধনাঢ্য শ্রেষ্ঠী বাস করিতেন। তিনি অতি শ্রদ্ধাবান ও ত্রিরত্নের প্রতি প্রসন্ন ছিলেন। একদা শ্রেষ্ঠী বুদ্ধ প্রমুখ ভিক্ষু সংঘকে পিণ্ডদান দিতেছিলেন। সেই সময় কোশল রাজের অর্থের প্রয়োজন হইয়াছিল। তিনি শ্রেষ্ঠীকে ডাকিবার জন্ত লোক পাঠাইলেন। তিনি গিয়া রাজার আদেশ জ্ঞাপন করিলেন। তখন শ্রেষ্ঠী কহিলঃ “তুমি এখন যাও, আমি পরে আসিব ; আমি পরম নিধি (ধন) নিধান করিতেছি।”

অতঃপর ভগবান বুদ্ধ ভোজন সমাপ্ত করিয়া দানানুমোদন প্রসঙ্গে পুণ্য সম্পদকে যথার্থ নিধি বলিয়া প্রদর্শন করিতে গিয়া “নিধিকণ্ড সূত্র” দেশনা করিলেন।

### নিধিকণ্ড সূত্রঃ

- ১। নিধিং নিধেতি পুরিসো গন্তীরে ওদকন্তিকে,  
অথে কিচ্ছে সমুগ্গন্নে অথায় মে ভবিস্হতি।  
রাজতো বা দুৰুত্তস্ চোরতো পীলিতস্ বা,  
ইনস্ বা পমোক্খায় ছত্তিক্খে আপদাস্ বা ;  
এতদথায় লোকস্মিং নিধি নাম নিধিযতি।

### অনুবাদ

১। অর্থের প্রয়োজন উপস্থিত হইলে, ইহা আমার উপকারে আসিবে ; এই ভাবিয়া লোকে জন্মস্পর্শী গভীর গর্তে ধন পুতিয়া রাখে। রাজার দৌরাত্ম্য, চোরের উৎপীড়ন, ঋণ, দুর্ভিক্ষ অথবা অগ্নি আপদ বিপদ হইতে মুক্তির জন্ত জগতে ধন পুতিয়া রাখে।



- ২। তাব স্ননিহিতো সন্তো গন্তীরে ওদকন্তিকে,  
 ন সবেদা সর্বদা এবং তস্ স তং উপকল্পতি ।  
 নিধি বা ঠানা চবতি সঞ্ঞা বা'স্ স বিমুহ্হতি,  
 নাগা বা অপনামেত্তি, যক্খা বা'পি হরন্তি তং ।  
 অপ্লিয়া বা'পি দাযাদা উদ্ধরন্তি অপস্ সতো,  
 যদা পুঞ্ঞক্খযো হোতি সর্বমেতং বিনস্ সতি ।

### অনুবাদ

২। কিন্তু সেই গভীর গর্তে পুত্ৰিয়া রাখিলেও তাহার সমুদয় ধন  
 সকল সময় ধন-অধিকারীর উপকারে আসেনা। কারণ গুপ্তধন স্থান-  
 চ্যুত হইতে পারে, তাহার স্মৃতি বিহবল হইতে পারে, নাগেরা স্থানান্তরিত  
 করিতে পারে, যক্ষেরাও হরণ করিতে পারে ।

কিংবা অপ্রিয় উত্তরাধিকারী অজ্ঞাতে তুলিয়া নিতে পারে ।  
 বিশেষতঃ যখন পুণ্যক্ষয় হয়, তখন ইহার সমস্তই বিনষ্ট হইয়া যায় ।

- ৩। যস্ স দানেন সীলেন সঞ্ঞমেন দমেন চ,  
 নিধি স্ননিহিতো, হোতি ইথিযা পুরিসস্ স বা ।  
 চেতিযম্হি চ সজ্জে বা পুগ্গলে অতিথিস্ স বা,  
 মাতরি পিতরি বা'পি অথো জেট্ঠম্হি ভাতরি ।  
 এসো নিধি স্ননিহিতো অজ্জেষ্যো অনুগামিকো,  
 পহায় গমনীয়েসু এতং আদায় গচ্ছ্হতি ।

### অনুবাদ

৩। স্ত্রী কিংবা পুরুষের দান, শীল, সংযম ও দমের দ্বারা যে পুণ্যরূপ ধন সঞ্চিত হয়, সেই ধন এবং চৈত্য প্রতিষ্ঠা, সংঘ, পুদ্গল, অতিথি, মাতা, পিতা, কিংবা জ্যেষ্ঠভ্রাতার ভরণ-পোষণ ও সেবা-শুশ্রূষা কল্পে যে ধন ব্যয়িত হয়; তাহাই প্রকৃত পক্ষে স্তুনিহিত, অজ্ঞেয় এবং অনুগামী হয়। পাখিব সকল সম্পদ পরিত্যাগ করিলে ইহাকে লইয়াই পরলোকে গমন করিতে হয়।

৪। অসাধারণমণ্ড্রংসং অচোরহরণে নিধি,  
কথিরাথ ধীরো পুত্রংগানি যো নিধি অনুগামিকো।  
এস দেব মনুস্মানং সৰ্বকামদদো নিধি ;  
যং যদেবাভিপথেন্তি সৰ্বমেতেন লভ্ততি।

### অনুবাদ

৪। এই ধনে অপয়ের অধিকার নাই, এই ধন চোরে হরণ করিতে পারে না; যেই পুণ্যধন মানবের সঙ্গে সঙ্গে গমন করে, জ্ঞানী ব্যক্তি সেই পুণ্যধন সম্বাদন করেন। এই ধন দেব মনুষ্যগণের সকল বাসনা পূর্ণকারী, তাহারা যাহা যাহা পাইতে ইচ্ছা করেন সমস্তই ইহা দ্বারা লাভ করা যায়।

৫। স্বব্রততা স্মস্মরতা স্মস্ঠান স্মরুপতা।  
অধিপচ্চ পরিবারা সৰ্বমেতেন লভ্ততি।  
পদেসরজ্জং ইস্মরিযং চক্ৰবত্তি স্মখং পিযং,  
দেবরজ্জং পি দিবেষসু সৰ্বমেতেন লভ্ততি।

### অনুবাদ

৫। উত্তম দেহবর্ণ, স্তম্ভুর কঠোর, অঙ্গ-সৌষ্ঠব, স্বকপতা, আধিপত্য ও পরিবার সম্পদ, সমস্তই ইহাধারা লাভ কর যায়। প্রাদেশিক রাজৈশ্বর্য, প্রিয় রাজচক্রবর্তী স্তম্ভ, স্বর্গের ইন্দ্রস্তম্ভ, সমস্তই ইহাধারা লাভ করা যায়।

৬। মানুষিকা চ সম্পত্তি দেবলোকে চ যা রতি,  
যাচ নিব্বান সম্পত্তি সৰ্বমেতেন লত্ততি।  
মিত্ত সম্পদং আগম্ম যোনিসো বে পযুঞ্জতো,  
বিজ্জা বিমুক্তি বসীভাবো সৰ্বমেতেন লত্ততি।

### অনুবাদ

৬। মনুষ্যালোক সম্পত্তি, দেবলোকের যেই প্রীতি, এবং যাহা নির্বাণ সম্পত্তি, সমস্তই ইহাধারা লাভ করা যায়।

মিত্ত সম্পদ লাভ করিয়া ধিনি জ্ঞান পূর্বক ধ্যানানুষ্ঠান করেন, তাঁহার বিজ্ঞা-বিমুক্তি ও চিস্তের বশীভাব সমস্তই ইহাধারা লাভ হইয়া থাকে।

৭। পটিসত্তিদ্ধা, বিমোক্ষা চ যা চ সাবক পারমী,  
পচ্চেকবোধি বুদ্ধভূমি সৰ্বমেতেন লত্ততি।  
এবং মহিদ্ধিয়া এসা যদিদং পুঞ্জং সম্পদা,  
তস্মা ধীরা পসংসত্তি পণ্ডিতা কত পুঞ্জংত্তং।

### অনুবাদ

৭। চারি প্রতিসন্নিদা, ১। অষ্ট বিমোক্ষ, ২। শ্রাবক পারমী বা অর্হৎ, প্রত্যেক বুদ্ধত্ব ও সম্যক সম্বুদ্ধত্ব সমস্তই ইহা দ্বারা লাভ করা যায়। এই পুণ্য সম্পদগুলি এইরূপ তলৌকিক শক্তি সম্পন্ন যে, এইজন্ম ধীর ও পণ্ডিত ব্যক্তির কৃত পুণ্যতা প্রশংসা করেন।

### করণীয় মৈত্রী সূত্রের উৎপত্তি।

একদা ভগবান বুদ্ধ শ্রাবস্তীর ক্ষেতবনে অবস্থান করিতেছিলেন। তখন পাঁচশত ভিক্ষু বুদ্ধের নিকট কর্মস্থান গ্রহণ করিয়া হিমালয়ের পাদদেশে কোন এক অরণ্যে বর্ষাবাস আরম্ভ করিলেন। পার্শ্ববর্তী কোন গ্রামে ভিক্ষা গ্রহণ করিয়া নিরাপদে তাঁহারা কর্মস্থান ভাবনা করিতেন। সেখানে বহু বৃক্ষদেবতার বাসস্থান ছিল। তাঁহারা ভিক্ষুদের শীলভেজ সম্বন্ধে না পারিয়া নিজ নিজ স্থান ত্যাগ করিয়া ইতঃপুত বিচরণ করিতে লাগিলেন। এভাবে কিছুদিন অতিবাহিত হইল; কিন্তু ভিক্ষুগণ স্থান ত্যাগ করিলনা।

অবশেষে দেবতারা নিরুপায় হইয়া ভিক্ষুদিগকে বিকট-রূপ দেখাইয়া ভয়ঙ্কর শব্দে ভীত-সন্ত্রস্ত করিয়া তুলিলেন। ভিক্ষুগণ দেবতাদের উপদ্রবে ভীত হইয়া বর্ষাবাস ত্যাগ করিয়া ভগবানের নিকট গমন করতঃ ভগবানকে সকল ঘটনা বলিলেন।

অতঃপর ভগবান ভিক্ষুদিগকে বলিলেন : “তোমাদের সেই উপযুক্ত স্থান। তোমরা সেইস্থানে আবার ফিরিয়া যাও। তথায় বাস করিয়া তোমরা পাপক্ষয় করিতে সক্ষম হইবে। যদি বৃক্ষভয়

---

১। অর্থ, ধর্ম, নিষ্কলিত ও প্রতিভান প্রতিসন্নিদা। ২। শূণ্যতা, অনিমিত্ত, অপ্ৰনীহিত, ৪। অরূপ সমাধি ও সংজ্ঞাবেদনিত নিরোধ সমাধি।

হইতে মুক্ত হইতে চাও তবে এই পরিত্রাণ শিক্ষা কর। ইহা তোমাদের পরিত্রাণ এবং কর্মস্থান দুইই হইবে। এই বলিয়া ভগবান্ “করণীয় সূত্র” শিক্ষা দিলেন।

### করণীয় মেত সূত্রং

( নিদানং )

- ১। যস্মানুভাবতো যক্খা, নেব দস্‌সেস্‌ত্তি ভিংসনং,  
যম্‌হি চেবানুযুঞ্জন্তো রত্তিং দিবমতন্দিতো।  
সুখং সুপতি স্তন্তো চ পাপং কিঞ্চি ন পস্‌সতি,  
এবমাদি গুণোপেতং পরিত্তং তং ভণাম হে।

### অনুবাদ

১। যাহার প্রভাবে যক্ষগণ ভয় দেখাইতে পারে না। যেই পরিত্রাণ দিবা-রাত্রি আলস্থান হইয়া পুনঃ পুনঃ ভাবনা করিলে, সুখে নিদ্রা যায় এবং নিদ্রিত অবস্থায় কোনরূপ পাপ স্বপ্ন দেখেনা, এইরূপ শ্রেষ্ঠ গুণযুক্ত সেই পরিত্রাণ আমরা পাঠ করিতেছি।

### সূত্রং

- ১। করণীয়মথ কুসলেন যন্তং সন্তং পদং অভিসমেচ্ছ,  
সকো উজ্জু চ স্‌জ্জু চ সুবচো চ স্‌স্‌ম্‌হ অনভিমানী।  
সন্তুস্কো চ সুভরো চ অপ্রকিচ্ছো চ সল্লহকবুত্তি,  
সত্তিল্লিযো চ নিপকো চ অপ্রত্তো কুলেসু অনহুগিক্ছো।

### অনুবাদ

১। শাস্ত্রপদ নির্বাণ লাভেচ্ছ, ব্যক্তির যাহা করণীয় তাহা এই :  
তিনি সমর্থ, ঋজু, স্খলজু, স্খবোধ্য, যুদু-স্বভাব ও অভিমান হীন হইবেন।  
যথালোভে সন্তুষ্টচিত্ত, স্ত্রভরণীয়, মিতাহারী, অল্পকৃত্য, সংলঘুহৃতি সম্পন্ন,  
শাস্ত্রেঞ্জিয়, প্রজ্ঞাবান, অপ্রগল্ভ গৃহস্থদের প্রতি অনাসক্ত হইবেন।

২। ন চ খুৎৎ সমাচরে কিঞ্চি যেন বিঞঞপরে উপবদেযুৎ,  
সুখিনো বা খেমিনো হোস্ত, সবে সত্তা ভবস্ত সুখিতত্তা।  
যে কেচি পাণ ভূতখি তসা বা থাবরা বা অনবসেসা,  
দীঘা বা যে মহস্তা বা মজ্জ্বিমা রসসকাণুক খুলা।

### অনুবাদ

২। তিনি এমন কোন ক্ষুদ্রপাপাচরণ ও করিবেন না, যাহা অপর  
বিজ্ঞগণ নিন্দা করিতে পারেন। সকল প্রাণী সুখী হউক। উপদ্রব  
বিহীন হউক এবং কায়িক ও মানসিক সুখে সুখী হউক। তিনি এইরূপই  
মৈত্রীভাবনা পোষণ করিবেন। যে সমস্ত ভীত বা অভীত, দীর্ঘ, হৃষ্য,  
বহৎ, মধ্যম, ক্ষুদ্র ও স্তম্ভ অংবা স্থূল প্রাণী সমূহ আছে :

৩। দিট্ঠা বা যের অদিট্ঠা যেচ দুৱে বসন্তি অবিদুৱে,  
ভূতা বা সন্তবেসী বা সবেসত্তা ভবস্ত সুখিতত্তা।  
ন পরোপরং নিকুব্বেথ, নাতিমঞেঞথ কথচি নং কঞ্চি ;  
ব্যারোসনা পটিঘসঞেঞ নাঞেঞয়ঞেঞস্ স দুক্খমিচ্ছেযা।

### অনুবাদ

৩। যে সকল প্রাণী দৃষ্ট, অদৃষ্ট, যাহারা দূরবাসী বা সমীপবাসী, যাহারা জন্মিয়াছে বা জন্মিবে : সে সমুদয় প্রাণী স্তম্ভী হউক। পরস্পর পরস্পরকে বঞ্চনা করিওনা, কোথাও কাহাকে অবজ্ঞা করিওনা। ক্রোধ ও হিংসা বশতঃ কাহারও দুঃখ ইচ্ছা করিওনা।

৪। মাতা যথা নিয়ং পুত্রং আযুসা একপুত্রমনুরক্খে,  
এবম্পি সর্বভূতেসু মানসং ভাবযে অপরিমাণং।  
মন্তুঞ্চ সর্বলোকস্মিৎ মানসং ভাবযে অপরিমাণং,  
উর্দ্ধং অধো চ তিরিয়ঞ্চ অসম্বাধং অবেরমসপত্তং।

### অনুবাদ

৪। মাতা যেমন নিজের একমাত্র পুত্রকে আপন জীবন দিয়া রক্ষা করে ; সেইরূপ সকল প্রাণীর প্রতি অপ্রমের মৈত্রীভাব-পোষণ করিবে। জগতের উর্ধে, অধোভাগে ও চারিদিকে যেসকল প্রাণী আছে (তাহারা) বাধাহীন, বৈরীশূন্য ও অপ্রতিদ্বন্দ্বী হউক; চিত্তে এইরূপ অপ্রমের মৈত্রীভাব উৎপাদন করিবে।

৫। তিট্ঠঞ্চরং নিসিন্নো বা সযানো বা যাবতস্‌সবিগতসিন্ধে',  
এতং সতিং অধিট্ঠেয়া ব্রহ্মমেতং বিহারমিদমাছ।  
দিট্ঠিঞ্চ অন্নপগম্ম সীলবা দস্‌সনেন সম্পন্নো,  
কামেস্সু বিনেযা গেধং নহি জাতু গত্তসেয্যং পুনরেতী'তি।

### অনুবাদ

৫। দাঁড়ান, চলন, উপবেশন ও শয়নে যে পর্যন্ত নিদ্রা না আসে, সেই পর্যন্ত এই স্মৃতি অধিষ্ঠান করিবে। ইহাকে আর্ষগণ ব্রহ্মবিহার বলেন। শীলবান, সম্যক্‌দৃষ্টি-সম্পন্ন অনাগামী ব্যক্তি মিথ্যা দৃষ্টি পরিহার পূর্বক কামেচ্ছাকে দমন করিয়া পুনর্বার গর্ভাশয়ে জন্মধারণ করিতে আসেন না।

### ষষ্ঠ পরিচ্ছেদ

#### পরিত্রাণ প্রার্থনা

ভক্তে,

- ১। বিপত্তি পটিবাহায়, সর্ব সম্পত্তি সিদ্ধিযা,  
সর্ব দুঃখা বিনাসায়, সর্বভয় বিনাসায়।  
সর্বরোগ বিনাসায়, সর্বস্তরায় বিনাসায়,  
সর্বপুন্দ্রবা বিনাসায়, ভবে দীঘায়ুদায়কং ;  
চিত্তং উজ্জুং করিত্বান, পরিত্তং ক্রথ মঙ্গলং।

### অনুবাদ

ভক্তে,

- ১। সকল বিপত্তি দূর করিবার জন্ত, সর্বপ্রকার সম্পত্তি লাভের জন্ত সমস্ত দুঃখ-ভয়-রোগ-অস্তরায়-ও উপদ্রব বিনাশের জন্ত, চিত্তকে সরল করিয়া, জন্মে জন্মে দীঘায়ুদায়ক মঙ্গলময় পরিত্রাণ পাঠ করুন।

### দেবতা আমন্ত্রণ

- ২। সমস্ত চক্রবালেসু, অত্রাগচ্ছন্ত দেবতা,  
সকলমুং মুনি রাজসস সুনন্ত সগ্গমোক্খদং ;  
ধম্ম-সবণ-কালো, অয়ং ভদন্তা। ( তিনবার )



### অনুবাদ

- ২। সকল চক্রবালবাসী দেবগণ এখানে আগমন করুন।  
মুনিরাজ বুদ্ধের স্বর্গ-মোক্ষপ্রদ সত্যধর্ম শ্রবণ করুন।  
হে ভদন্তগণ, ধর্ম শ্রবণ করিবার এই উপযুক্ত সময়।

বিশেষ দেবতা আহ্বান।

- ৩। যে সন্তা সন্তচিত্তা তিসরণ সরণা এখ লোকন্তরে বা,  
ভুম্মা ভুম্মা চ দেবা গুণগণ-গহণ ব্যাট্টা সব্বকালং।  
এতে আযত্ত দেবা বর কনকময়ে মেকুরাজে বসন্তো,  
সন্তো সন্তোসহেতুং মুনিবর বচনং সোতুমগ্গং সমগ্গং।

### অনুবাদ

৩। এখানে বা লোকান্তরে ভূমি ও আকাশবাসী স্ববর্ণময় শ্রেষ্ঠ  
স্বমেরু পর্বতবাসী, শান্তচিত্ত, ত্রিশরণাগত ও সতত পুণ্যকার্যে ব্যাপ্ত  
দেবতাগণ পরম সন্তোষ সহকারে বুদ্ধবাক্য শ্রবণ করিবার জন্ম আগমন  
করুন।

দেবতাগণকে পুণ্যদান ও রক্ষা প্রার্থনা।

- ৪। সবেবসু চক্রবালেসু যক্খা দেবা চ ব্রহ্মানো,  
যং অম্হেহি কতং পুণ্ণং এব্ব সস্পত্তি সাধকং।  
সবেব তং অনুমোদিষ্ণা, সমগ্গা সাসনে রতা,  
পমাদ রহিতা হোন্ত, আরক্খাসু বিসেসাতো।

### অনুবাদ

৪। সর্ব সম্পত্তি সাধক যে পুণ্য আমাদের দ্বারা কৃত হইয়াছে;  
সমুদয় চক্রবালবাসী দেবতা, যক্ষ ও ব্রহ্মাগণ তাহা অনুমোদন করিয়া  
একতাবদ্ধ ও শাসনহিতে রত হউন; বিশেষতঃ রক্ষাকার্যে সতর্ক হউন।

শাসনের উন্নতি ও রক্ষা প্রার্থনা।

- ৫। সাসনস্ স চ লোকস্ স বৃঢ়ী ভবতু সবদা,  
 সাসনস্পি চ লোকঞ্চ দেবা রক্খন্তু সবদা।  
 সন্ধিং হোন্তু সুখী সবেব্ পরিবারেহি অন্তনো,  
 অনীঘা সুমনা হোন্তু সহ সবেবহি ঞ্ণাতীভি।

অনুবাদ

৫। বুদ্ধের শাসন এবং জগতের সর্বদা শ্রীবৃদ্ধি হউক। দেবতাগণ ধর্ম এবং জগতকে সর্বদা রক্ষা করুন। সকলে নিজ নিজ পরিবার ও জ্ঞাতীদের সহিত শারীরিক এবং মানসিক সুখে সুখী ও দুঃখহীন হউক।

দেবতাদের সমীপে রক্ষা প্রার্থনা।

৬। রাজতো বা, চোরতো বা, মনুস্ সতো বা, অমনুস্ সতো বা, অগ্গিতো বা, উদকতো বা, পিসাচতো বা, খাণুকতো বা, কণ্ঠকতো বা, নকুখন্ততো বা, জনপদরোগতো বা, অসন্ধম্মতো বা, অসন্দিট্ঠিতো বা, অসঞ্জুরিসতো বা, চওহথ-অস্ স-মিগ-গোণ-কুকুর-অহি-বিচ্ছিক-মনিসপ্প-দীপি, অচ্ছ-ত্তরচ্ছ-সুকর-মহিস যক্খ-রক্খসাদীহি নানা ভয়তো বা, নানা রোগতো বা, নানা-উপদ্ববতো বা আরক্খং গণ্ হন্তু দেবতা।

অনুবাদ

৬। রাজা, চোর, মনুষ্য, অমনুষ্য, অগ্নি, জল, পিশাচ, স্থাপু, কণ্টক, নক্ষত্র, বিসৃচিকা, মিথ্যাট্ঠিসম্পন্ন ব্যক্তি, অসৎপুরুষ, মন্তহস্তী, অশ্ব, হুগ, গন্ধ; কুকুর, ভুজঙ্গ, বশ্চিক, ব্যাঘ্র, ভঞ্জুক, তরঙ্গু, শূকর, মহিষ,

যক্ষ, রাক্ষস, প্রভৃতি হইতে এবং নানাবিধ ভয়, নানাবিধ রোগ ও নানাবিধ উপদ্রব হইতে দেবতাগণ রক্ষা করুন।

দশধর্ম সূত্রং

( নিদানং )

- ১। ভিক্খুনং গুণসংযুক্তং যং দেসেসি মহামুনি,  
 যং সুত্বা পটিপজ্জন্তো সৰ্বলোক্খা পমুচ্চতি,  
 সৰ্বলোক হিতথায় পরিস্তং তং ভগাম হে।

অনুবাদ

১। মহামুনি বুদ্ধ ভিক্ষুদিগের গুণসংযুক্ত যেই দশ-ধর্ম-সূত্র দেশনা করিয়াছেন, যাহা শুনিয়া তদনুযায়ী আচরণ করিলে সর্বদুঃখ হইতে পরিত্রাণ লাভ করা যায়; ওহে শ্রোতৃবৃন্দ! সর্বলোকের হিতার্থে সেই দশধর্ম-সূত্র আমরা পাঠ করিতেছি।

সূত্রং

২। এবং সে সূত্রং একং সমযং ভগবা সাবখিয়ং বিহরতি  
 জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তত্রথো ভগবা ভিক্খু  
 আমংস্তসি. ভিক্খবো'তি। ভদন্তে'তি তে ভিক্খু ভগবতো  
 পচ্চমেসাসুং। ভগবা এতদবোচ : দম ইমে ভিক্খবে ধম্মা  
 পব্বজ্জিতেন অভিগহং পচ্চবেক্খিতব্বা। কতমে দস ?

### অনুবাদ

- ২। আমি এইরূপ শুনিয়াছি : এক সময় ভগবান শ্রাবস্তীতে অনাথ পিণ্ডিক নিমিত্ত জেতবন বিহারে বাস করিতেছিলেন। তথায় একদিন ভগবান্ ভিক্ষুদিগকে আহ্বান করিলেন ; “ভিক্ষুগণ” ! সেই ভিক্ষুগণ “ভদন্ত” বলিয়া প্রত্যুত্তর জানাইলেন। ভগবান বলিলেন : হে ভিক্ষুগণ ! এই দশটি ধর্ম প্ররজিতগণের অবশ্যই পর্যবেক্ষণ করা কর্তব্য।
- (১) বেবল্লিয়ম্হি অজ্জবুপগতো’তি পবজিতেন অভিগ্হং পচ্চবেক্খিতবং।
- (১) অস্ত আমি ষিবর্ন, বিরূপভাব প্রাপ্ত হইয়া ভিক্ষু গ্রামণের কুলে উপগত হইয়াছি। ইহা প্ররজিতদের নিত্য পর্যবেক্ষণ করা কর্তব্য।
- (২) পরপটিবন্ধা মে জীবিকা’তি পবজিতেন অভিগ্হং পচ্চবেক্খিতবং।
- (২) আমার জীবিকা পর প্রতিবন্ধ। প্ররজিতগণের দ্বারা নিত্য পর্যবেক্ষণ করা কর্তব্য।
- (৩) অঞেঞা মে আকগ্নো করণীযো’তি পবজিতেন অভিগ্হং পচ্চবেকাখত্তবং।
- (৩) আমার অশ্রাণ বিষয় গৃহিগণের শ্রাণ না হইয়া প্ররজিতদের উপযুক্ত করণীয় হওয়া উচিত। ইহা প্ররজিত কর্তৃক নিত্য পর্যবেক্ষণ করা কর্তব্য।
- (৪) কচ্চিনুখো মে অস্তা সীলতো ন উপবদত্তী’তি—  
পবজিতেন অভিগ্হং পচ্চবেক্খিতবং।
- (৪) আমার চিন্তা শীল হইতে বিচ্যুত হইয়াছে বলিয়া কেহ যেন অপবাদ করিতে না পারে ; এইরূপ প্ররজিতদের দ্বারা নিত্য পর্যবেক্ষণ করা কর্তব্য।

- ৫। কচিচ্ছ নু খো মং অনুবিচ্ছ বিঞঞু সত্রক্কারী  
শীলতো ন উপবদন্তী'তি পবজ্জিতেন অভিগ্গং পচ্চবেক্খিতবং ।
- ৫। কোন প্রকারে বিজ্ঞ সত্রক্কারী আমার শীল দেখিয়া যেন  
আমাকে শীলচ্যুত বলিয়া অপবাদ করিতে না পারেন। ইহা  
প্রব্রজিতদের দ্বারা নিত্য পর্যবেক্ষণ করা কর্তব্য ।
- ৬। সবেবহি মে পিযেহি মনাপেহি নানাভাবো—বিনা-  
ভাবো'তি পবজ্জিতেন অভিগ্গং পচ্চবেক্খিতবং ।
- ৬। সমস্ত প্রিয় বস্তু, মনোজ্ঞ বিষয় হইতে আমার জ্ঞাতিগত  
নানাভাব ও মরণগত বিনাভাব হইবে। ইহা নিত্য প্রব্রজিত কহুক  
নিত্য পর্যবেক্ষণ করা কর্তব্য ।
- ৭। কস্মস্সকোম্হি, কস্মদাযাদো, কস্মযোনি, কস্মবন্ধু,  
কস্মপটিসরণো : যং কস্মং করিস্সামি কল্যাণং বা পাপকং  
বা তস্স দাযাদো ভবিস্সামী'তি পবজ্জিতেন অভিগ্গং  
পচ্চবেক্খিতবং ।
- ৭। কর্মই আমার স্বকীয়, কর্মই আমার উত্তরাধিকারী, কর্মই  
আমার গতি, কর্মই আমার বন্ধু, কর্মই আমার আশ্রয়। কল্যাণ বা  
পাপ যে যেই কর্ম করিবে, সে তাহারই উত্তরাধিকারী হইবে।  
ইহা নিত্য প্রব্রজিতদের দ্বারা পর্যবেক্ষণ করা কর্তব্য ।

- ৮। কতন্তু তস্ মে রক্তিং দিবা বীতিপতন্তী'তি পব-  
জিতেন অভিগ্ংহং পচবেক্খিতবং ।
- ৮। কিরূপে আমার রাত্রিদিন অতিবাহিত হইতেছে। ইহা নিত্য  
প্ররজিতদের পর্যবেক্ষণ করা কর্তব্য।
- ৯। কচ্চিনুখো'হং সুঞ্ঞাগারে অভিরমা'মীতি পব-  
জিতেন অভিগ্ংহং পচবেক্খিতবং ।
- ৯। কখন, কি প্রকারে আমি নির্জন স্থানে একাকী অভিরমিত  
হইব। ইহা নিত্য প্ররজিতদের পর্যবেক্ষণ করা কর্তব্য।
- ১০। অথিনুখো মে উত্তরিমনুস্সধম্মা অলমরিযঞান—  
দসসন বিসেসো অধিগতো, সো'হং পচ্ছিমকালে স-  
ত্রঙ্গাচারীহি পুট্ঠো মঙ্কু ন ভবিস্সামী'তি—পবজিতেন  
অভিগ্ংহং পচবেক্খিতবং ।
- ১০। আমার নিকট আর্ষণ সেবিত উত্তরোত্তর ধ্যানাদি কর্ম আছে  
কি? আমার বিশুদ্ধজ্ঞান উৎপাদক লোকোত্তর ধর্ম অধিগত  
হইয়াছে কি?
- আমি মৃত্যুকালে, কোন সরমচারী কর্তৃক কি কি গুণ লাভ  
করিয়াছি জিজ্ঞাসিত হইয়া অধোমুখ হইব না। ইহা নিত্য  
প্ররজিতগণ কর্তৃক পর্যবেক্ষণ করা কর্তব্য।

ইমে খো ভিক্খবে দসধম্মা পব্বজিতেন অভিগ্হং  
পচ্চবেক্খিতব্বা’তি । ইদমবোচ ভগবো অন্তমনা তে ভিক্খু  
ভগবতো ভাসিতং অভিনন্দুস্তি ।

ভিক্কুগণ ! এই দশটি ধৰ্ম প্ৰব্ৰজিতগণেৰ নিত্য পৰ্যবেক্ষণীয় ।  
ভগবান এইৰূপ বলিলেন । ভিক্কুগণ ভগবানেৰ বাক্যে তুষ্ট হইয়া  
অভিনন্দন জানাইলেন ।

### জয় মঙ্গল অট্ঠ গাথা ।

- ১। বাহুং সহস্‌সমভিনিম্মিত সাযুধন্তং,  
গিরিমেখলং উদিত ঘোর-সসেন-মাৱং ।  
দানাদিধম্মবিধিনা জিতবো মুনিন্দো,  
তস্বেজসা ভবতু মে’ জয় মঙ্গলানি ।

### অনুবাদ

- ১। যেই মুণীশ্বৰ ( বুদ্ধ ) স্থানিমিত, আযুধ-ধৰ, সহস্ৰবাহু-গিৰি-  
মেখলা-বাহন, ঘোৰ সসৈন্ত মাৱকে দানাৰ্হি ধৰ্ম বলে জয় কৰিয়া-  
ছেন ; তৎ প্ৰভাবে আমাৰ জয় মঙ্গল হউক ।

- 
- ১। অপৰেৰ জয় : মে স্থলে তে বলিতে হইবে ।

- ২। মারাতিরেকমভিযুজিবাত সবরন্তি,  
ঘোরম্পনালবকমক্খমথদ্বযকখং ।  
খন্তী-সুদন্ত বিধিনা জিতবা মুনিন্দো,  
তন্তেজসা ভবতু মে জয মঙ্গলানি ।

### অনুবাদ

- ২। যেই মুণীন্দ্র সর্বরাত্রি সংগ্রামকারী মার হইতেও অধিকতর  
দুর্দান্ত ও নির্দর আলবক বন্ধকে ক্ষান্তি-দম-দিধানে জয় করিয়াছেন ;  
তৎ প্রভাবে আমার জয় মঙ্গল হউক ।
- ৩। নালাগিরিং গজবরং অভিমন্তুভুতং,  
দাবগ্গি চক্রমসনীব সুদারুণন্তং ।  
মেস্তাপুসেক বিধিনা জিতবা মুনিন্দো,  
তন্তেজসা ভবতু মে জয মঙ্গলানি ।
- ৩। যেই মুণীন্দ্র দাবাগ্গিক ও অশনিসদৃশ অতি মদমন্ত সুদারুণ  
নালাগিরি হস্তীকে মৈত্রী-বারি-সিঞ্ঝনে জয় করিয়াছেন ; তৎ প্রভাবে  
আমার জয় মঙ্গল হউক ।
- ৪। উক্খিত্ত খগ্গমতিহথ সুদারুণন্তং,  
ধাবন্তিযোজন পথসুলিমালবন্তং ।  
ইন্ধিভিসং খভমনো জিতবা মুনিন্দো,  
তন্তেজসা ভবতু মে জয মঙ্গলানি ।



## অনুবাদ

৪। যেই মুণীন্দ্র, উৎকৃষ্ট খড়্গধারী, ত্রিযোজন পথ ধাবমান  
অঙ্গুলিমালকেও অলৌকিক ঋদ্ধিবলে জয় করিয়াছেন; তৎ  
প্রভাবে আমার জয় মঙ্গল হউক।

৫। কত্বান কট্টমুদরঃ ইব গন্তিনীয়া,  
চিঞ্চায় তুট্টবচনং জনকায় মজ্জের।  
সন্তেন সোমবিধিনা জিত্বা মুনিন্দো,  
তন্তেজসা ভবতু মে জয় মঙ্গলানি।

## অনুবাদ

৫। যেই মুণীন্দ্র, কঠোদরে গভিনী সাজিয়া সিক্কা নামক রমণীর  
অপবাদ বাক্য শাস্ত সৌম্য বলে জয়-করিয়াছেন; তৎ প্রভাবে  
আমার জয় মঙ্গল হউক।

৬। সচ্চং বিহায় মতিসচ্চকবাদকেতুং,  
বাদাভিরোপিতমনং অতি অন্ধভূতং।  
পঞ্ণা পদীপঞ্জলিতো জিত্বা মুনিন্দো,  
তন্তেজসা ভবতু মে জয় মঙ্গলানি।

## অনুবাদ

৬। যেই মুণীন্দ্র সত্যত্যাগী, অসত্যাবলম্বী, বিবাদ-পরায়ণ অতি  
অন্ধভূত সত্যক নামক নিগ্রহকে প্রজ্ঞা-প্রদীপ জ্বালাইয়া জয় করিয়া-  
ছেন। তৎ প্রভাবে আমার জয় মঙ্গল হউক।

- ৭। নন্দোপনন্দ ভূজগং বিবুধং মহিক্খিং,  
পুত্তেব থের ভূজগেন দমাপযস্তো ।  
ইক্কুপদেস বিধিনা জিতবা মুনিন্দো,  
তন্তেজসা ভবতু মে জয় মঙ্গলানি ।

### অনুবাদ

- ৭। যেই মুনীন্দ্র নন্দোপনন্দনামক মহাঋদ্ধিসম্পন্ন নিপুণ ভূজঙ্গকে  
স্বীয় শ্রাবক পুত্র মহামৌদগল্যায়ণ স্ববির দিল্লী ঋদ্ধি শক্তিও উপদেশ  
বলে জয় করিয়াছেন । তৎ প্রভাবে আমার জয় মঙ্গল হউক ।

- ৮। ভূগ্গহদিট্ঠি ভূজগেন সুদট্ঠহথং,  
ব্রহ্মং বিসুন্ধি জুতিমিদ্ধিবকাভিধানং ।  
ঞানাগদেন বিধিনা জিতবা মুনিন্দো,  
তন্তেজসা ভবতু মে জয় মঙ্গলানি ।

### অনুবাদ

- ৮। যেই মুনীন্দ্র, দুগ্রাশ্বদৃষ্টরূপ ভূজঙ্গ দংশিত হস্তবৎ বিশুদ্ধ জ্যোতিঃ  
মহাঋদ্ধিসম্পন্ন বক নামক ব্রহ্মাকে জ্ঞানোষধির দ্বারা জয় করিয়া-  
ছেন । তৎ প্রভাবে আমার জয় মঙ্গল হউক ।

- ৯। এতাপি বুদ্ধ জয় মঙ্গল অট্ঠগাথা,  
যো বাচকে দিনে দিনে সরতেমতন্দি ।  
হিষ্মান নেক বিবিধানি চূপদ্ধবানি,  
মোক্খং সুখং অধিগমেয্য নরো সপঞেঞা ।

### অনুবাদ

- ৯। যে কোন পাঠক, এই বুদ্ধ জয় মঙ্গল নামক অষ্ট গাথা প্রতিদিন অতদ্রুতভাবে স্মরণ করে, সেই জ্ঞানবান ব্যক্তি বিবিধ উপদ্রব হইতে রক্ষা প্রাপ্ত হইয়া, মোক্ষ সুখ লাভ করিবেন।

### সুপুত্রগ্হ স্তুতং

- ১। যং দুর্নিমিত্তং অবমঙ্গলঞ্চ, যোচ'মনাপো সকুণস্ স দোদো,  
পাপগ্গহো হুস্ সুপিনং অকন্তং, বুদ্ধানুভাবেন বিনাসমেত্ত।  
যং দুর্নিমিত্তং অবমঙ্গলঞ্চ, যোচ'মনাপো সকুণস্ স দোদো,  
পাপগ্গহো হুস্ সুপিনং অকন্তং, ধম্মানুভাবেন বিনাসমেত্ত।  
যং দুর্নিমিত্তং অবমঙ্গলঞ্চ, যোচ'মনাপো সকুণস্ স দোদো,  
পাপগ্গহো হুস্ সুপিনং অকন্তং, সঙ্ঘানুভাবেন বিনাসমেত্ত

### অনুবাদ

- ১। যে কোন দুর্নিমিত্ত, অমঙ্গল, অপ্ৰীতিকর, পক্ষীবর, পাপগ্রহ ও  
দুষ্প্রব বুদ্ধের ঙ্গ প্রভাবে বিনাশ প্রাপ্ত হউক। .....  
.....ধর্মের ঙ্গ প্রভাবে বিনাশ প্রাপ্ত হউক। .....  
..... সংঘের ঙ্গ প্রভাবে বিনাশ প্রাপ্ত হউক।
- ২। হৃক্খল্পত্তাচ নিদ্দুক্খা, ভয়ঙ্কত্তাচ নিত্তয়া,  
সোকল্পত্তাচ নিস্ সোকা হোত্ত, সবেপি পাদিনো।  
এত্তাবতা চ অম্হেহি, সন্তত্তং পুএ্ এঃসম্পদং,  
সবেদেবানুমোদন্ত সর্ব সম্পত্তি সিদ্ধিয়া।

### অনুবাদ

২। দুঃখ প্রাপ্ত প্রাণীগণ দুঃখহীন, ভয়প্রাপ্ত প্রাণীগণ নির্ভয়, ও শোক প্রাপ্ত প্রাণীগণ শোকহীন হউক। এ যাবৎ আমাদের দ্বারা যে পুণ্যসম্পদ সঞ্চয় করা হইয়াছে ; সর্বসম্পত্তি সিদ্ধির জন্ত দেবগণ তাহা অনুমোদন করুন।

৩। দানং দদন্তু সদ্ধায়, সীলং রক্ষন্তু সৰ্বদা,  
ভাবনাভিরতা হোন্তু, গচ্ছন্তুদেবতাগতা।  
সৰ্বৈ বুদ্ধা বলপ্ততা, পচেঞ্চানঞ্চ যং বলং,  
অরহন্তানঞ্চ তেজেন রক্ষং বন্দামি সৰ্ব্বসো।

### অনুবাদ

৩। শ্রদ্ধার সহিত দান দাও, সর্বদা শীল রক্ষা কর। ভাবনায়  
অভিরত হও, দেবতায় যেকানে গিয়াছেন সেখানে গমন কর।  
দশবল প্রাপ্ত বুদ্ধ ও প্রত্যেক বুদ্ধগণের জ্ঞানবল এবং  
অর্হৎগণের তেজোবল দ্বারা সর্বদা রক্ষা বন্ধন করিতেছি।

৪। যং কিঞ্চিবিদ্যং ইধ বা ছরং বা,  
সগ্গেসু বা যং রত্তনং পনীতং।  
ননো সমং অথি তথাগতেন,  
ইদম্পি বুদ্ধে রত্তনং পনীতং ;  
এতেন সচ্চেন সুবথি হোতু।

১। নিজের জন্ত হইলে— ভবন্তে স্থলে ভবন্তমে বলিতে হইবে।

### অম্ববাদ

৪। ইহ-পরলোকে যাহা কিছু বিত্ত আছে ও স্বর্গলোকে যে সকল শ্রেষ্ঠ-রত্ন আছে ; তাহাদের কোনটাই তথাগত বুদ্ধের সমান নহে । এই সকল রত্ন হইতে বুদ্ধ রত্নই শ্রেষ্ঠ । এই সত্যবাক্যদ্বারা তোমাদের শূভ হউক ।

৫। ভবতু সৰ্বমঙ্গলং রক্ষন্ত সৰ্বদেবতা,  
সৰ্ব বুদ্ধানুভাবেন, সদা সোধি ভবন্ততে ।  
মহাকারুণিকো নাথো, হিতায় সৰ্ব পানীনং,  
পুৱেত্বা পারমী সৰ্বা, পন্তো সষোষিমুক্তমং ।

### অম্ববাদ

৫। সৰ্ব প্রকারে তোমাদের মঙ্গল হউক, সকল দেবতা তোমা-  
দিগকে রক্ষা করুক ; সকল বুদ্ধগণের প্রভাবে সৰ্বদা তোমাদের  
শুভ হউক ।

মহাকারুণিক বুদ্ধ সৰ্বপ্রাণীর হিতের জন্ম, পারমী সমূহ পূর্ণ  
করিয়া উত্তম সষোষি প্রাপ্ত হইরাছেন ।

৬। জযন্তো বোধিয়া মুলে, সক্যানং নন্দি বড্‌টনো,  
এবমেব জযো হোতু, জযস্‌সু জয মঙ্গলে ।  
অপরাজিত পন্নকে সীসে পুথুবীপুক্খলে,

১। নিজের জন্ম হইলে—ভবন্ততে স্থলে ভবন্তমে বলিতে হইবে ।

অভিসেকে সম্বুদ্ধানং অগ্গপ্পত্তো পমোদতি ।  
 সুনক্খত্তং, স্তমঙ্গলং, স্তপ্রভাতং স্তহট্ঠিতং,  
 স্তথগো, স্তমুহত্তো চ, স্তঘিট্ঠিঃ ব্রহ্মচারীসু ।

### অনুবাদ

৬। শাক্যদের আনন্দবর্ধনকারী বুদ্ধ যেমন বোধিক্রমমূলে জয়লাভ করিয়াছেন; সেইরূপ তোমাদের জয় হউক। জয় মঙ্গল হউক। সম্বুদ্ধগণ পৃথিবীর শীর্ষস্থানভূত শোভনযুক্ত অপরাজেয় বোধিপর্ষকে নির্বাণরূপ অগ্রফল লাভ করিয়া যেমন প্রমোদিত হইয়াছেন। তোমরাও সেইরূপ প্রমোদিত হও। গৃহীদের পক্ষে ব্রহ্মচারীর সেবা-পূজা করাই স্তনকত্র, স্তমঙ্গল, স্তপ্রভাত, শুভ-উত্থান; শুভক্ষণ ও শুভ-মুহূর্ত।

৭। পদক্খিণং কাযকস্মং, বাচাকস্মং পদক্খিণং,  
 পদক্খিণং মনোকস্মং, পণিধীতে পদক্খিণে;  
 পদক্খিণানি কত্ত্বান, লত্তত্ত্বথে পদক্খিণে ।  
 তে অথলদ্ধা স্তখিতা, বিরুলহা বুদ্ধসাসনে;  
 আরোগা-স্তখিতা হোথ, সহ সকেবহি ঐত্তী'ভি ।

### অনুবাদ

৭। তোমাদের কারিক-বাচনিক ও মানসিক কর্ম এবং প্রার্থনা উন্নতভাবে সম্পাদিত হউক। সেইরূপ উন্নতিজনক কার্য করিয়া সমৃদ্ধি লাভ করিতে থাক। বুদ্ধ শাসনে উন্নতি লাভ করিয়া সুখী হও। সকল জ্ঞাতিগণ সহ নিরোগী ও সুখী হও।



## বোজ্‌বাজ্‌ পরিভাং

( নিদানং )

- ১। সংসারে সংসরন্তানং, সৰ্বহুঙ্খ বিনাসনে,  
সত্ত্বশ্চে চ বোজ্‌বাজ্‌, মারসেনন্নমদ্দিনো ।  
বুজ্‌বাজ্‌ যেপি মে সত্তা, তিভব মুত্তুকুত্তমা,  
অজ্জাতিং অজ্জরা ব্যাধিং অমতং নিত্ত্বয়ং গতা ।  
এবমাদি গুণুপেতং অনেকগুণসঙ্গং,  
ওসধঞ্চ ইমং মন্তং বোজ্‌বাজ্‌সত্তং ভগামহে ।

### অনুবাদ

- ১। মারসেনা-প্রমর্দক বুদ্ধগণ, সংসার-চক্রে ভ্রমণকারী জীবগণের  
সকল দুঃখ বিনাশ করিবার জন্ত সত্ত্ব-বোধ্যঙ্গধর্ম দেশনা করিয়াছেন ।  
যাহা জ্ঞাত হইয়া ত্রিভববিমুক্ত মহাপুরুষগণ, জন্ম-জরা-ব্যাধি-মৃত্যু  
ও ভয়-রহিত নির্বাণে গমন করিয়াছেন । আমরা এইরূপ গুণসম্পন্ন  
এবং অনেক গুণ-সংগৃহিত মন্ত্রোবাধি সদৃশ বোধ্যঙ্গ পরিভ্রাণ পাঠ  
করিতেছি ।

### সুত্রং

- ১। বোজ্‌বাজ্‌ সতি সত্ত্বাতো, ধম্মানং বিচযো তথা,  
বীরিয়ং, পীতি, পস্‌সঙ্কি, বোজ্‌বাজ্‌ চ তথাপরে ।



সমাদুপেক্খা বোজ্জ্বাঙ্গ। সন্তেতে সৰ্বদসিসনা,  
 মুনিনা সম্মদক্খাতা, ভাবিতা বহলী কতা।  
 সংবত্তন্তি অভিঞ্ণে য় নিব্বানায চ বোধিয়া,  
 এতেন সচ্চবজ্জেন সোখিম্মে' হোতু সৰ্বদা।

### অনুবাদ

১। স্মৃতি, ধর্মবিচার বীর্য, শ্রীতি, প্রভৃদ্ধি সমাধি ও উপেক্ষা; এই  
 সপ্তবোধ্যঙ্গ সর্বদর্শী মহামুনি বুদ্ধ কর্তৃক সম্যকরূপে ব্যাখ্যাত, ভাবিত  
 ও বাহনীরূত হইয়াছে। এই সপ্ত বোধ্যঙ্গধর্ম অভিজ্ঞতা, নির্বাণ ও  
 বোধিজ্ঞানের জন্মই বিদ্যমান আছে। এই সত্য বাক্যদ্বারা সর্বদা  
 আমার শুব হউক।

২। একস্মিং সময়ে নাথো, মোগ্গল্লানঞ্চ কস্সপং  
 গিলানে ত্তুক্খিতে দিস্বা, বোজ্জ্বাঙ্গে সত্ত দেসযি।  
 তে চ তং অভিনন্দিত্বা রোগ মুঞ্চিংসু তং খণে,  
 এতেন সচ্চবজ্জেন সোখিম্মে' হোতু সৰ্বদা।

### অনুবাদ

২। একদা লোকনাথ বুদ্ধ মোদ্গল্যায়ণ ও কস্যপকে রোগাভিজুত  
 দেখিয়া এই সপ্তবোধ্যঙ্গ দেশনা—করিয়াছিলেন। তাঁহারা তাহাতে  
 আনন্দিত হইয়া তৎক্ষণাৎ রোগমুক্ত হইয়াছিলেন। এই সত্য বাক্য  
 দ্বারা সর্বদা আমার শুব হউক।

- ৩। একদা ধর্মরাজা'পি, গেলএঞ্ঞনাভি পীলিতো,  
চন্দ্রেথেরেন তেঞ্ঞব, উণাপেহান সাদরং ।  
সম্মোদিহা চ আবাধা, তম্হা বুট্ঠাসি ঠানসো,  
এতেন সচ্চবজ্জেন সোথি মে ১ হোতু সর্বদা ।

### অনুবাদ

- ৩। একদা ধর্মরাজ বুদ্ধ ও রোগ-পীড়িত হইয়া। চন্দ্র স্ববিরের দ্বারা  
তাহাই সনাদর পূর্বক পাঠ করাইয়া, সন্তোষের সহিত অনুগোদন  
করিয়া . সেইরোগ হইতে সম্পূর্ণরূপে আরোগ্যলাভ করিয়াছিলেন।  
এই সত্য-বাক্যদ্বারা সর্বদা আমার শুভ হউক।
- ৪। পহীণা তে চ আবাধা, তিগ্গম্পি মহেসীনং,  
মগ্গাহত কিলেসাব, পত্তানুপত্তি ধম্মতং ।  
এতেন সচ্চবজ্জেন সোথি মে ১ হোতু সর্বদা।

### অনুবাদ

- ৪। মার্গহত ক্লেশবৎ এই মহাবিক্রয়ের রোগ ভবিষ্যৎ আর উৎপন্ন  
হইবেনা, এইভাবে সম্পূর্ণরূপে রোগ-মুক্তি ঘটয়াছে। এই সত্যবাক্য-  
দ্বারা সর্বদা আমার শুভ হউক।

---

১। অপরের জন্য হইলে : মে স্থলে তে বলিতে হইবে।

## সপ্তম পরিচ্ছেদ বুদ্ধ-প্রতিমা প্রতিষ্ঠা ( জীবন শ্বাস )

“নমো তস্ম ভগবতো অরহতো সম্মাসম্বুদ্ধস্ম”

১। তেন সময়েন বুদ্ধো ভগবা উরুবেলায়ং বিহরতি নজ্জা  
নেরঞ্জরাম তীরে বোধিরুক্কমূলে পঠমাভিসম্বুদ্ধো অখখো  
ভগবা বোধিরুক্কমূলে সত্তাহং একপল্লকেন নিসীদি বিমুক্তি  
সুখং পটিনংবেদী। অখখো ভগবা রত্তিয়া পঠমং যামং  
পটিল্লসমুৎপাদং অনুলোম পটিলোমং মনসাকাশি।

### অনুবাদ

১। ভগবান্ বুদ্ধ প্রথম সম্যক্ সোধি জ্ঞান অধিগত হইয়া উরুবেলার  
(মহাবেলার) নৈরঞ্জনা নদীতীরে বোধিরুক্কমূলে অবস্থান করিতেছিলেন।  
তখন ভগবান্ বোধিতরুতলে সপ্তাহকাল একপল্লাসনে উপবিষ্ট হইয়া বিমুক্তি  
সুখ অনুভব করিতেছিলেন।

অনন্তর ভগবান্ রাত্রির প্রথম যামে প্রতীত্যসমুৎপাদ—ধর্ম অনুলোম  
ও প্রতিলোম ভাবে চিন্তা করিয়াছিলেন।

২। অবিজ্জা পচ্চয়া সজ্জারা, সজ্জারা পচ্চয়া বিঞ্ঞাণং,  
বিঞ্ঞাণ পচ্চয়া নামরূপং, নামরূপ পচ্চয়া সলায়ত্তনং, সলায়ত্তন

পচ্চযা ফস্‌সা. ফস্‌সা পচ্চয বেদনা, বেদনা পচ্চযা তণ্‌হা, তণ্‌হা পচ্চযা উপাদানং, উপাদান পচ্চযা ভবো, ভব-পচ্চযা জ্জাতি, জ্জাতি পচ্চযা জ্জরামরণং সোকপরিদেব ছুচ্‌খ দোমনসসুপায়াসা সম্ভবন্তি। এবমেতসস কেবলস্‌স ছুচ্‌খ ক্‌খক্‌স্‌স সমুদযো হোতি।

### অনুবাদ

২। অবিজ্ঞা (অজ্ঞানতা) প্রত্যয় হইতে সংস্কার; সংস্কার প্রত্যয় হইতে বিজ্ঞান, বিজ্ঞান-প্রত্যয় হইতে নামরূপ, নামরূপ প্রত্যয় হইতে ষড়ায়তন, ষড়ায়তন প্রত্যয় হইতে স্পর্শ, স্পর্শ-প্রত্যয় হইতে বেদনা; বেদনা প্রত্যয় হইতে তৃষ্ণা, তৃষ্ণা প্রত্যয় হইতে উপাদান, উপাদান প্রত্যয় হইতে ভব, ভব প্রত্যয় হইতে জন্ম, জন্ম প্রত্যয় হইত জরা, মরণ, শোক; পরিদেব, দুঃখ; দৌর্দমনস্ত ও নৈরাশ্য সমুদ্ভূত হয়।

এইরূপে সমগ্র দুঃখস্কন্ধের (দুঃখ রাশীর) উদ্ভব হয়।

৩। অবিজ্জাযত্‌ত্‌বেব অসেস বিরাগ নিরোধ', সঙ্‌খার নিরোধো সঙ্‌খার নিরোধা বিঞ্‌ঞাণ নিরোধো, বিঞ্‌ঞাণ নিরোধা নামরূপ নিরোধো, নামরূপ নিরোধা সলাযতন নিরোধো, সলাযতন নিরোধা ফসস নিরোধো, ফসস নিরোধা বেদনা নিরোধো, বেদনা নিরোধা তণ্‌হা নিরোধো, তণ্‌হা নিরোধা উপাদান নিরোধো, উপাদান নিরোধা ভব নিরোধো, ভব নিরোধা জ্জাতি নিরোধো, জ্জাতি নিরোধা জ্জরামরণং সোক পরিদেব ছুচ্‌খদোমনসসুপায়াসা নিরুজ্‌জবন্তি।

এবমেতস্‌স কেবলসস ছুচ্‌খক্‌খক্‌স্‌স নিরোধো হোতী'তি।

### অনুবাদ

৩। নিঃশেষে (সেই) অবিচারই বিরাগ-নিরোধে সংস্কার নিরোধ, সংস্কার নিরোধে বিজ্ঞান নিরোধ, বিজ্ঞান-নিরোধে নাম-রূপ নিরোধ, নামরূপ নিরোধে ষড়ায়তন নিরোধ, ষড়ায়তন নিরোধে স্পর্শ নিরোধ; স্পর্শ নিরোধে বেদনা নিরোধ, বেদনা নিরোধে তৃষ্ণা নিরোধ, তৃষ্ণা নিরোধে উপাদান নিরোধ, উপাদান নিরোধে ভব নিরোধ, ভব নিরোধে জন্ম নিরোধ, জন্ম নিরোধে জরা-মরণ-শোক, পরিদেব, দুখে দৌর্ভাগ্য ও নৈরাশ্য নিরুদ্ধ হয়। এইরূপেই সমগ্র দুঃখস্বপ্নের নিরোধ হয়।

৪। অনেকজাতি সংসারং সন্ধাবিসং অনির্বিসং,  
গহকারকং গবেসন্তো ছুক্ষা জাতি পুনশ্চুনং।  
গহকারক! দিট্ঠোহসি, পুন গেহং ন কাহসি,  
সব্বা তে ফাম্মকা ভগ্গা, গহকুটং বিসজ্জাতং ;  
বিসজ্জাগতং চিত্তং, তণ্হানং খমমজ্জব্বা।

### অনুবাদ

৪। ‘দেহরূপ গৃহনির্মািতাকে অনুসন্ধান করিতে করিতে তাহার দর্শন না পাইয়া কতবারই না সংসারে জন্ম গ্রহণ করিলাম ; পুনঃ পুনঃ জন্ম পরিগ্রহণ দুঃখ জনক। হে গৃহ কারক ! এইবার তোমার দর্শন পাইয়াছি, আর তুমি (এই দেহরূপি) গৃহ নির্মাণ করিতে পারিবেনা; তোমার কাষ্ঠদণ্ড ভগ্ন হইয়া গিয়াছে, গৃহকুট নষ্ট হইয়াছে,

(আমার) চিত্ত সংস্কার বিগত (নির্বাণগত) এবং তৃষ্ণা সমূহ ক্ষয়প্রাপ্ত হইয়াছে।”

- ৫। “বুদ্ধের বিশিষ্ট গুণসমূহ আস্থান্তি করিবে।”  
 ৬। “করণীন্দ্র-মৈত্রী-সুত্র আস্থান্তি করিবে।”

### দশশীল প্রার্থনা

- ১। “ওকাস, অহং ভন্তে, তিসরণেন সন্ধিং পবজ্জা  
 সামনের দসসীলং ধম্মং যাচামি। অনুগ্গহং কহা  
 সীলং দেখ মে ভন্তে। দুতিযম্পি.....ততিযম্পি.....।”

### অনুবাদ

- ২। “ভদন্ত, অবকাশ করুন; আমি ত্রিশরণ সহ প্ররজ্যা শ্রামণের  
 দশশীল ধর্ম প্রার্থনা করিতেছি। ভদন্ত, অনুগ্রহ করিয়া আমাকে  
 দশশীল প্রদান করুন।” দ্বিতীয়.....তৃতীয়বার.....।
- ৩। ভিক্ষু বলিবেন “ষমহং বদামি তং বদেহি।” বহু বচনে  
 “বদেথ” বলিবেন।
- প্ররজিত “আম ভন্তে,” বলিবে। “হঁা ভদন্ত”।
- ৪। তৎপর ভিক্ষু “নমো তস্‌স ভগবতো” ইত্যাদি বলিয়া পরে  
 “বুদ্ধম্‌ সরণম্‌ গচ্ছামি, ধম্মম্‌ সরণম্‌ গচ্ছামি, সঙ্ঘম্‌  
 সরম্‌ গচ্ছামি।” দুতিযম্পি.....ততিযম্পি.....আস্থান্তি করতঃ  
 ত্রিশরণ প্রদান করিবেন।

প্ররজ্যা দশশীল প্রার্থী ও ভিক্ষুর ন্যায় শূদ্ধভাবে ত্রি-শরণ  
উচ্চারণ করিবে।

৫। ভিক্ষু—“তিসরণ গমনং সম্পূর্ণং” বলিবেন। প্রব্রজিত—  
“আম ভদন্ত”। ইহার পর ভিক্ষু দশশীল প্রদান করিবেন :

- ১। পানাতিপাতা বেরমণী সিক্খাপদং ।
  - ২। অদিনাদানা            ,,            ,,
  - ৩। অব্রহ্মচরিয়্যা        ,,            ,,
  - ৪। মুসাবাদা             ,,            ,,
  - ৫। সুরামেরেব-মজ্জ-প্লামাদট্ঠানা   ,,   ,,
  - ৬। বিকাল-ভোজনা                    ,,   ,,
  - ৭। নচ্চ-গীত-বাদিত—বিস্কু-দস্‌সনা   ,,
  - ৮। মালাগক্ক-বিলেশন-ধারণ-মণ্ডণ-বিভূসণট্ঠানা
  - ৯। উচ্চাসযন-মহাসযনা                ,,   ,,
  - ১০। জাতরূপ রজত-পটিগ্‌গহনা        ,,   ,,
- ইমানি পবজ্জা সামনের দসসিক্খাপদানি—সমাদিয়ামি।  
(৩ বার বলিবে)

ভিক্ষু : “তিসরণেন সন্ধিং পবজ্জা-সামনের-দসসীলং ধম্মং  
সাধুকং সুরক্খিতং কহা অপ্লামাদেন-সম্পাদেহি ১।”  
প্রব্রজিত “আম ভদন্তে” বলিবে।

---

১। বহু বচনে : সম্পাদেথ বলিতে হইবে।

## অনিত্য-পাথা

- ১। অনিচ্ছা বত সঙ্খারা উল্লাদ বয ধম্মিনো,  
উল্লজ্জিহ্বা নিরুজ্জ্বন্তি তেসং ব্পসমো সুখো।

### অনুবাদ

- ১। সংস্কার ধর্মসমূহ একান্তই অনিত্য, কারণ উৎপত্তি ও বিলয়-ধর্মী (স্বভাব)। তাহা উৎপন্ন হইয়া নিরুজ্জ্বল হইয়া যায়। ইহাদের উপশমই সুখ।
- ২। সবেব সত্তা মরন্তি চ মরিস্সু চ মরিস্সপ্নে,  
তথেবা'হং মরিস্সামি, নথি মে এথ সংসযো'তি।

### অনুবাদ

- ২। সমস্ত প্রাণী মরিতেছে; মরিয়াছে ও মরিবে; তদ্রূপ আমিও মরিব। ইহাতে কোন সংশয় নাই।

## মরণানুস্মৃতি ভাবনা

- ১। জীবিতং, ব্যাধিকালো চ দেহনিক্খে পনং গতি,  
পঞ্চেতে জীবলোকস্মিং অনিমিত্তা ন ঞ্ণায়রে।

### অনুবাদ

- ১। কতদিন জীবিত থাকিবে; কোন ব্যাধি কখন আক্রমণ করিবে, দিবা-রাত্রির মধ্যে কখন মৃত্যু ঘটবে; জলে-স্থলে কোথায় মৃত্যু হইবে এবং মৃত্যুর পর কোথায় জন্ম হইবে, তাহা কেহ বলিতে পারে না।



জীব জগতে এই পাঁচটি বিষয় কখন সংঘটিত হইবে, তাহা অর্হৎ ব্যতীত কেহই বলিতে পারে না।

- ২। সবে সত্তা মরিস্‌সন্তি, মরণস্তং হি জীবিতং,  
 যথা ধম্মং গমিস্‌সন্তি, পুণ্ণং পাপ-ফলপূগা।  
 নিরয়ং পাপকম্মস্তা পুণ্ণকম্মাচ সুগ্গতিং,  
 অপরেচ মগ্গং ভাবেত্ব', পরিনিব্বন্তি অনাসবা।

### অশুবাদ

- ২। সকল প্রাণী মৃত্যু বরণ করিবে; জীবনের স্থায়িত্বকাল মৃত্যুর পূর্বক্ষণ পর্যন্ত। পাপ-পুণ্যের ফলানুযায়ী স্বাভাবিক নিয়মে পরলোকে গমন করিবে।

পাপকর্মকারীরা নিরয়ে; পুণ্যবানেরা সুগতিতে (স্বর্গলোকে) গমন করিয়া থাকে। কোন কোন অনাসক্ত ব্যক্তি মার্গভ্রমণ করিয়া পরিনির্বাণ লাভ করেন।

### সঞ্জয় দানের উৎসর্গ মন্ত্র

- ১। “ইমং ভিক্খং সপরিচ্ছারং ভিক্খু সঙ্ঘস্স দেম,  
 সঙ্কচং পুজেম।” ( তিনবার বলিতে হইবে )

### কঠিন চীবর দান

- ২। “ইমং কঠিন চীবরং ভিক্খু সঙ্ঘস্স দেম, কঠিনং, অথরিত্তং । (৩ বার)  
ইদং মে ১ পুঞ্ঞং আসবক্খযবহং হোতু ।

### অষ্ট পরিক্ষার দান

- ৩। “ইমং ভিক্খং সহ অট্ট পরিক্ষারং ভিক্খুনজ্জস্স দেম, সৰুচ্চং পূজেম ।” (৩ বার)  
“ইদং মে পুঞ্ঞং অনাগতে  
এহি ভিক্খু ভাবায় পচ্চযো হোতু ।”

### বিহার দান

- ৪। “ইমং বিহারং চতুদ্দিসস্স আগতানাগত্তস্স ভিক্খু-  
সঙ্ঘস্স দেমি ২ যণ্ডেথা যথাস্থং পরিভুজ্জতু ।”  
“ইদং মে পুঞ্ঞং নিব্বানস্স পচ্চযো হোতু ।”

### বুদ্ধ মূর্তি প্রতিষ্ঠা

- ৫। “ইমং বুদ্ধ-বিস্বং সবেবহি দেবমহুসেস্ছি পূজেতুং,  
ইমস্মিৎ বিহারে পতিট্ঠাপেমি । ইদং মে ১ । পুঞ্ঞং  
বোধিঞানং পটিলাত্ভায় সংবত্ততু ।” ৩ বার বলিবেন ।

১। বহ বচনে : মে স্থলে নো বলিতে হইবে ।

২। বহ বচনে : দেমি স্থলে দেম বলিতে হইবে ।

## পুকুরের জল তর্পণ

- ৬। “ইমং তালকস্‌স উদকং তিরিতনানুভাবেন পরিস্কৃত্বাতু ;  
পচ্ছুনো অভিবস্‌সতু।” ৩ বার বলিবেন।

## কঠিনথার কর্মবাক্য

“সুণাতু মে ভস্তে সঙ্ঘেঘা, ইদং সঙ্ঘস্‌স কঠিন চীবরং  
উপ্পন্নং ; যদি সঙ্ঘস্‌স পত্তকল্পং, সঙ্ঘো ইমং কঠিন  
চীবরং তিস্‌সস্‌স ভিক্‌খুনো দদেয্য ; কঠিনং অথরিতুং,  
এসা এত্তি। সুণাতু মে ভস্তে সঙ্ঘেঘা, ইদং সঙ্ঘস্‌স  
কঠিনচীবরং উপ্পন্নং ; সঙ্ঘো ইমং কঠিনচীবরং তিস্‌সস্‌স  
ভিক্‌খুনো দেতি, কঠিনং অথরিতুং। যস্‌সাযস্মতো  
খমতি ইমস্‌স কঠিন চীবরস্‌স তিস্‌সস্‌স ভিক্‌খুনো দানং,  
কঠিনং অথরিতুং ; সো তুণহস্‌স, যস্‌স নক্‌খমতি,  
সো ভাসেয্য।”

“দিন্নং ইদং সঙ্ঘেন কঠিন চীবরং তিস্‌সস্‌স  
ভিক্‌খুনো, কঠিনং অথরিতুং, খমতি সঙ্ঘস্‌স তস্মা তুণহী  
এবমেতং ধারয়ামি।” ৩ বার বলিবেন।

### কঠিন চৌবর অনুমোদন

এইরূপ বলিয়া অনুমোদন করাইতে হয় :

- ৮। “অথতং আবুসো সজ্বস্ স কঠিনধান্মিকো কঠিনথারো  
 অনুমোদাহি [বা অনুমোদথ]।” ৩ বার বলিবেন।  
 এইরূপে অনুমোদন করিবেন :  
 “অথতং ভন্তে সজ্বস্ স কঠিনধান্মিকো কঠিনথারো  
 অনুমোদামি (অনুমোদম)।” ৩ বার বলিবেন।

### ভিক্কু কর্তব্য

#### আপত্তি দেশনা

- ১। ছোট ভিক্কু : “অহং ভন্তে, সকা আপত্তিযো অরোচেয্যামি।”  
 (হুত্তিযম্পি.....তত্তিযম্পি) ৩ বার  
 বড় ভিক্কু : “সাধু আবুসো, সাধু।”  
 ছোট ভিক্কু : “অহং ভন্তে। সম্বহ্লা নানা বথুকা  
 আপত্তিযো আপজ্জিং; তা তুম্হমুলে  
 পটিদেসেমি।”  
 বড় ভিক্কু : “পস্ সসি আবুসো, তা আপত্তিযো।”  
 ছোট ভিক্কু : “আম ভন্তে, পস্ সামি।”  
 বড় ভিক্কু : “আযতিং আবুসো সং বরেষ্যাসি।”  
 ছোট ভিক্কু : সাধু, স্খট্ঠু ভন্তে, সংবরিস্ সামি।”  
 ( ৩ বার )  
 বড় ভিক্কু : “অহং আবুসো, সকা আপত্তিযো  
 অরোচেয্যামি। হুত্তিযম্পি.....তত্তিযম্পি  
 ...৩ বার।”  
 ছোট ভিক্কু : “সাধু ভন্তে, সাধু।”

বড় ভিক্ষু : “অহং আবুসো। সম্বল্লা নানা বথুকা  
আপত্তিযো আপজ্জিং, তা তুম্হমূলে  
পটিদেসেমি।”

ছোট ভিক্ষু : “পস্সসি ভন্তে, তা আপত্তিযো।”

বড় ভিক্ষু : “আম আবুসো, পস্সামি।”

ছোট ভিক্ষু : “আযতিং ভন্তে, সংবরেষ্যাসি।”

বড় ভিক্ষু : “সাধু, সূট্ঠ আবুসো সংবরিস্সামি।”

### ছোট ভিক্ষুর দুকট আপত্তি দেশনা

২। ছো: ভিক্ষু : “অহং ভন্তে, দেশনা-দুকটং আপত্তিং  
আপজ্জিং, তং তুম্হমূলে পটিদেসেমি।”

ব: ভিক্ষু : “পস্সসি আবুসো তং আপত্তিং।”

ছো: ভিক্ষু : “আম ভন্তে পস্সামি।”

ব: ভিক্ষু : “আযতিং আবুসো সংবরেষ্যাসি।”

ছো: ভিক্ষু : “সাধু, সূট্ঠ ভন্তে সংবরিস্সামি।”  
হুত্তিযম্পি.....তত্তিযম্পি...৩ বার।

ব: ভিক্ষু : “সাধু, আবুসো সাধু।”

### বর্ষা ব্রত অধিষ্ঠান

৩। আষাঢ়ী পূর্ণিমার ভিক্ষু উপোসথের পর দিবসই  
এইরূপেই প্রথম বর্ষাব্রত অধিষ্ঠান করিতে হয় :

“ইমস্মিং বিহারে ইমং তেমাংসং বস্সং উপেমি ;  
ইথ বস্সং উপেমি।” (৩ বার)

### অধিষ্ঠানোপাসথ

- ৪। ভিক্ফু নিজে নিজে তিনবার বলিবেন : “অঙ্কমে-  
উপাসথো পন্নরসো (চতুদসো) অধিষ্ঠামি।”

### পরিশুদ্ধি উপাসথ

- ৫। পন্নরস্পর আপত্তি দেশনা করিয়া বড় ভিক্ফু বলিবেন :  
“পারিসুদ্ধো অহং আবুসো ; পারিসুদ্ধো’তি মং ধারেহি।”  
(৩ বার)  
“ছোট ভিক্ফু বলিবেন : পারিসুদ্ধো অহং ভস্তে ;  
পারিসুদ্ধো’তি মং ধারেথ।” (৩ বার)

### অঞ্ঞমঞ্ঞ উপাসথ

- ৬। সীমায় উপস্থিত বড়ভিক্ফু বলিবেন :  
“সুগন্ত মে আদসন্তা অঙ্কুপোসথো পন্নরসো  
(চতুদসো) যদাযসন্তানং পত্তকল্পং মযং অঞ্ঞমঞ্ঞঞ্ঞ  
পারিসুদ্ধিং উপোসথং করেয়্যামাতি।” (৩ বার)  
তৎপর বড় ভিক্ফু বলিবেন : “পারিসুদ্ধো অহং আবুসো’  
পারিসুদ্ধো’তি মং ধারেহি।” ছোটভিক্ফু প্রত্যেকে  
বলিবেন : “পারিসুদ্ধো অহং ভস্তে ; পারিসুদ্ধো’তি  
মং ধারেথ।” (৩ বার)

### প্রবারণা অধিষ্ঠান

- ৭। একজন ভিক্ষু হইলে তিনি এইরূপে অধিষ্ঠান করিবেন :

“অঙ্ক মে পহারণা পন্নরসি অধিট্ঠেয়্যামি।” (৩ বার)

### দুইজন ভিক্ষুর প্রবারণা

- ৮। বড় ভিক্ষু : “অহং আবুসো আযস্মন্তং পবারেমি, দিট্ঠেন বা সূতেন বা পটিসঙ্কায বা বদতু মং আযস্মা অন্নকম্পং উপাদায ; পস্সন্তো পটিকরিস্সামি।” (৩ বার)

ছোট ভিক্ষু : “অহং ভন্তে আযস্মন্তং পবারেমি, দিট্ঠেন বা সূতেন বা পটিসঙ্কায বা বদতু মং আযস্মা অন্নকম্পং উপাদায পস্সন্তো পটিকরিস্সামি।” (৩ বার)

### তিনজন ভিক্ষুর প্রবারণা

- ৯। তিনজন ভিক্ষুর মধ্যে বড় ভিক্ষু বিজ্ঞপ্তি (ঞতি) এইরূপ বলিয়া স্থাপন করিবেন :

“সুগন্ত মে আযস্মন্তা, অঙ্ক প্রবারণা পন্নরসী, যদাযস্মন্তানং পত্তকল্লং মযং অঞ্ঞমঞ্ঞং পবারেয়্যামা।”

( ৩ বার )

তৎপর ব্যয়োজ্যেষ্ঠক্রমে “দুইজন ভিক্ষুর প্রবারণা বাক্যটি” যথাক্রমে তিনবার করিয়া বলিবেন। চারি-জন ভিক্ষুর প্রবারণা ও তিনজন ভিক্ষুর প্রবারণার স্থান হইবে। তবে “ঞতি” স্থাপনের মধ্যে আযস্মন্তা শব্দের স্থানে “আযস্মন্তো” বলিতে হইবে।

## পাঁচ কিংবা ততোধিক ভিক্ষুর প্রবারণা

- ১০। উপস্থিত ভিক্ষুর মধ্যে যিনি বয়োজ্যেষ্ঠ তিনি অথবা তাঁহার অসমর্থতার অল্প ভিক্ষু এইরূপে বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন :

“সুগতু মে আবুসো (ছোট ভিক্ষু “ভন্তে” বলিবেন) সজ্জো অজ্জ পবারণা পল্পরসী। যদি সজ্জস্ন পত্তকল্পং সজ্জো তে বাচিক পবারেযা। (৩ বার)

এইরূপে “ঞত্তি” স্থাপনের পর বয়োজ্যেষ্ঠক্রমে প্রত্যেক ভিক্ষু “হুইজ্জন ভিক্ষুর প্রবারণা কর্মবাক্যটি তিনবার কদিয়া বলিবেন।

ভিক্ষুগণ কোন বিশেষ দরকার বশতঃ অপরাহ্নে গ্রামে যাইতে হইলে নিম্নোক্তভাবে বলিতে হয়।  
 “অহং ভন্তে বিকালে গামপ্পবেসনং আপুছামি।”  
 হুত্তিযম্পি.....তত্তিযম্পি.....। (৩ বার বলিতে হয়)

### অনুবাদ

প্রভু আমি বৈকালে গ্রামে প্রবেশ করিব ; তজ্জন্ম জিজ্ঞাসা করিতেছি। বড় ভিক্ষু হইলে “ভন্তে” স্থলে “আবুসো” বলিতে হয়।

অনুমোদনকারী “সাধু সাধু” বলিবেন।



“সজঘ কন্মে, বজ্জে ধন্ম সবনথং নিমন্তিতো,  
গরুহি পহিতো বা’পি গরুণং বা’পি পস্‌সিতুং।”

### অনুবাদ

সংঘ কর্মে, ধর্ম শুনাইবার জন্য নিমন্ত্রিত হইলে, গুরু কর্তৃক কোন আবশ্যকে প্রেরিত হইলে ও গুরুদর্শনে ইত্যাদি আরও শাস্ত্রানুযায়ী নিমন্ত্রিত হইলে এক সপ্তাহের বিদায় লইয়া যাইতে হয়। সেই বিদায় মন্ত্রটি বিহারের কোন ভিক্ষুর নিকট তদভাবে একাংশ উত্তরাসঙ্গ করিয়া করষোড়ে বুদ্ধের সম্মুখে বলিতে হয়।

“সচে মে কোচি অন্তরায়ো ন ভবেষ্য  
সত্তত্তরে পুন নিবত্তিস্সামি।” ছুতিষম্পি...ততিষম্পি...।

[ তিনবার বলিতে হয়। ]

### অনুবাদ

যদি আমার কোন অন্তরায় না হয় সাতদিনের মধ্যে পুনঃ আসিব। এইরূপে তিনবার বলিতে হয়।

“ইদং মে পুঞ্‌ঞং নিব্বাণস্স পচ্চযো হোতু।”

“সকেব সন্তা ভবন্ত সুখিতত্তা।।”

# সমাপ্ত

## পরিশিষ্ট

### বুদ্ধানুস্মৃতি ভাবনা

- ১। বুদ্ধানুস্মৃতি মেতা চ অসুভং মরণস্মৃতি,  
ইতি ইমা চতুরারক্খা ভিক্ষু ভাবেষ্য সীলবা।

#### অনুবাদ

- ১। বুদ্ধানুস্মৃতি, মৈত্রী, অশুভ ও মরণানুস্মৃতি; এই চতুর্বিধ ভিক্ষুগণের শরণ বা রক্ষা বন্ধন। এইগুলি শীলবান ভিক্ষুগণ ভাবনা করেন।

- ২। অনন্ত বিখার গুণং গুণতোমুস্মরং মুনিং,  
ভাবেষ্য বুদ্ধিমা ভিক্ষু বুদ্ধানুস্মৃতি মাদিতো।

গুণশালী মুনীশ্বরের [বুদ্ধের] গুণ অনন্ত বিস্তার।  
বুদ্ধিমান ভিক্ষু আদিত্তে বুদ্ধানুস্মৃতি ভাবনা করেন।

- ৩। সবাসনে কিলেসেসো একো সবেষ নিঘাতিষ,  
অহসু সুদ্ধ সন্তানো পূজানঞ্চ সদারহো।

#### অনুবাদ

- ৩। তিনি সকল বাসনা রাশী বিনর্জন করিগাছেন। সেই পবিত্রাত্মা বুদ্ধ সর্বদা পূজাহঁ হন।

- ৪। সৰ্বকাল গতে ধম্মে সৰ্বেষ সম্মা সযং মুনিং,  
সৰ্বাকারেণ বৃজ্জ্বিত্বা একো সৰ্বঞ্ণং গতো।

### অনুবাদ

- ৪। সেই মুনি সৰ্বকালাগত ধৰ্মসমূহ সন্ধ্যাকৰূপে সৰ্বাকারে বুদ্ধি  
তিনি একাকী সৰ্বজ্ঞতাজ্ঞান লাভ করেন।
- ৫। বিপস্‌সনাদি বিজ্জাহি সীলাদি চরণেহি চ,  
সুসমিদ্ধেহি সম্পন্ন গগনাভেহি নাযকো।

### অনুবাদ

- ৫। তিনি বিদৰ্শনজ্ঞান, শীলাচাৰ ও বিদ্যাচরণাদি সুসমৃদ্ধি সম্পন্ন  
হইয়া জগতে লোকনাথক হন।
- ৬। সম্মাগতো সুভং ঠানং অমোঘ বচনো চ সো,  
তিবিধস্‌সাপি লোকসু এতাতা নিরবসেসতো।

### অনুবাদ

- ৬। বুদ্ধ ত্রিলোকের বিষয় জ্ঞাত ছিলেন; তিনি অমোঘবাণী প্রচার  
করিয়া সুন্দর স্থান নির্বাণে গমন করিয়াছেন।
- ৭। অনেকেহি গুণোধেহি সৰ্বসত্তুত্তমো অহু,  
অনেকেহি উপায়েহি নরদম্মে দমেহি চ।

### অনুবাদ

- ৭। তিনি অনেক গুণের দ্বারা সৰ্বসত্ত্বের উত্তম হইয়াছেন, এবং  
অনেক উপায়ে নরগণকে দমন করিয়াছেন।

- ୮ । ଏକୋ ସବ୍‌ସ୍‌ସ ଲୋକ୍‌ସ୍‌ସ ସବ୍‌ ଅନ୍ତାନୁସାମକୋ,  
ଭାଗ୍ୟ ଇସ୍‌ସ୍‌ରିୟାଦାନଃ ଶୁଣାନଃ ପରମୋ ନିଧି ।

### ଅନୁବାଦ

- ୮ । ବୁଦ୍ଧ ସମଗ୍‌ଲୋକେର ଏକକ ଆନ୍ତାନୁଶାସକ , ତିନି ଭାଗ୍ୟ ଐର୍‌ଧର୍‌ଧ୍‌ଜ୍‌ ଶୁଣସମୂହେର ପରମ ନିଧି ।
- ୯ । ପଞ୍ଚଞ୍ଚାସ୍‌ସ ସବ୍‌ଧନ୍ସେସ୍‌ କରୁଣା ସବ୍‌ ଜନ୍ତୁସ୍‌,  
ଅନ୍ତଥାନଃ ପରଥାନଃ ସାଧିକା ଶୁଣ ଜ୍ଞେଟ୍‌ଟିକା ।

### ଅନୁବାଦ

- ୯ । ତିନି ସକଳ ଧର୍ମେ ପ୍ରଜ୍ଞାବର ଥିଲେନ, ସର୍ବଜୀବବେର ପ୍ରତି ତାହାର  
କରୁଣା ଥିଲ । ଆତ୍ମ ଓ ପରାର୍‌ଥସାଧକ ଶୁଣେର ତିନି ଜ୍ୟେଷ୍ଠ  
ଥିଲେନ ।
- ୧୦ । ଦୟାସ୍‌ ପାରମୀ ଚିନ୍ତା, ପଞ୍ଚଞ୍ଚାସ୍‌ତାନ ମୁଦ୍‌ଧରୀ,  
ଉଦ୍‌ଧରୀ ସବ୍‌ ଧନ୍ସେ ଚ ଦୟାସ୍‌ଞ୍ଚେନ ଉଦ୍‌ଧରୀ ।

### ଅନୁବାଦ

- ୧୦ । ତିନି କରୁଣାଜ୍ଞାନେ ପାରମୀ ସମୂହ ପୂର୍ଣ୍ଣ କରିଛାନ୍ତେନ ଓ ସକଳ ଧର୍ମ  
ଜ୍ଞାତ ହଇଁଆ ନିର୍ବାଣ ନଗରେ ଉଦ୍‌ଧୀର୍ଣ୍ଣ ହଇଁଆଛେନ ।

- ১১। দিস্‌সমানো পিতাবস্‌স রূপকাযো অচিন্তিযো,  
অসাধারণাণ্ডে ধম্‌কাযে তথাবকা'তি ।

### অনুবাদ

- ১১। দৃশ্যমান তথাগতের রূপকায় (দেহ) অচিন্তনীর, ধর্মকায় বুদ্ধ  
অসামান্য জ্ঞানের আধার ।

## মৈত্রী ভাবনা

- ১। অত্প্রমায সবেসং সত্তানং সুখ কামতং,  
পস্‌সিত্বা কামতো মেত্তং সব্ব সত্তেসু ভাবযে ।

### অনুবাদ

- ১। নিজতুল্য দেখিয়া সকল প্রাণীর প্রতি সুখ কামনা করিবে ।  
সকল জীবের প্রতি মৈত্রীভাব পোষণ করিবে ।

- ২। সুখী ভবেয্য নিদ্‌কুখো অহং নিচ্চং অহং বিয,  
হিতা চ মে সুখী হোন্ত মজ্জতা চ থ বেরিনো ।

### অনুবাদ

- ২। আমি সুখী ও দুঃখহীন হই । মৎ সদৃশ নিত্য হিতকামী,  
মধ্যস্থ ও শত্রুগণ সুখী ও দুঃখহীন হউক ।

- ৩। ইম্ম'হি, গামকুখেত্তম্‌হি, সত্তা হোন্ত সুখী সদা,  
ততো পরঞ্চ রজ্জেসু চক্রবালেসু জন্তনো ।

### অনুবাদ

- ৩। এই গ্রামক্ষেত্রেতে (জগতে) প্রাণীগণ সর্বদা সুখী হউক ।  
সেইরূপ অপর চক্রবালবাসী প্রাণীগণ সর্বদা সুখী হউক ।

- ৪। সমস্ত চক্রবালেসু সত্তানন্তেসু পাণিনো,  
সুখীনো পুগ্গলা ভূতা অন্তভাব গতাসিযুং ।

**অনুবাদ**

- ৪। সমস্ত চক্রবালবাসী যত প্রাণীগণ আছে, পরমানন্দে সকলে  
সর্বদা বিচরণ করুক ।

- ৫। তথা ইথি পুমাচে'ব অরিয়া অনরিয়া 'পিচ,  
দেবা নরা অপায়ট্ঠা তথা দসদিসাসু চ'তি ।

**অনুবাদ**

- ৫। সেইরূপ স্ত্রী, পুরুষ, আর্য, অনার্য, দেব, নর ও অপারস্ব তথা  
দশদিকস্ব প্রাণীগণ সুখী হউক ।

**অশুভ ভাবনা**

- ১। অবিঞ্ঞাঞাণ শুভ নিভং সবিঞ্ঞাঞাণ সুভ ইমং,  
কাযং অসুভতো পস্‌সং অসুভং ভাবযে যতি ।

**অনুবাদ**

- ১। অবিজ্ঞান যেমন অশুভ, সবিজ্ঞানও তেমন অশুভ । এই  
দেহকে অশুভ দর্শন করিয়া যতি অশুভ স্মৃতি ভাবনা করেন ।

- ২। বল্পসংঠান গন্ধেহি আসযোকাসতো তথা,  
পটিকুলানি কাযে মে কুণপানি দ্বি-সোল্‌হস ।

**অনুবাদ**

- ২। বর্ণ, সংস্থান, গন্ধ, আশ্রয় ও অবকাশাদি আমার শরীরে  
বত্রিশ প্রকার স্থণিত দ্রব্য বিদ্যমান আছে ।

- ৩। পতিতম্‌হাহি কুণপা জিগুর্ছং কায নিস্‌সিতং,  
আধারোহি স্মৃচী তস্‌স কাযতু কুণপে ঠিতং ।

অনুবাদ

- ৩। এইদেহ পতিত কুণপ সদৃশ ঘৃণিত, এবং সর্বদা অস্মৃচীতে  
পরিপূর্ণ থাকে ।

- ৪। মিল্‌হে কিমিব কাযো'যং অস্মৃচিম্‌হি সমুট্‌ঠিতো,  
অন্তো অস্মৃচী সম্পূন্নো পুঞ্জ বচকুচী বিষ ।

অনুবাদ

- ৪। এই দেহ অস্মৃচি বস্তুতে পূর্ণ ও কৃনিপূর্ণ থাকে । এই দেহ  
পায়খানা সদৃশ, দেহাভ্যন্তরও অশুচীপূর্ণ ।

- ৫। অস্মৃচি সন্দতে নিচ্চং যথামেদক থালিকা,  
নানা কিমি কুলাবাসো পক্‌চন্দনিকা বিষ ।

অনুবাদ

- ৫। এই দেহ সর্বদা মেদভাণ্ডতুল্য অস্মৃচী বহন করে, ইহা গলিত  
আবর্জনা স্তপ সদৃশ নানা প্রকার কৃমিকুলের বাসস্থান ।

- ৬। গণ্ডভূতো রোগভূতো বণ্ডভূতো সমুস্‌সযো,  
অতেকিচ্ছা তিগেগুচ্ছো পভিন্ন কুণপুপমতি ।

অনুবাদ

- ৬। এই দেহ গণ্ডভূত, রোগভূত, বণ্ডভূত সমুশ্রয়, ইহা অচিকীর্ষ,  
দুরারোগ্য, প্রভিন্ন ও কুণপময় ।

## মরণানুস্মৃতি ভাবনা

- ১। পবাতদীপ তুল্যায় সাযুসন্ত তিযাক্খং,  
পরুপমায় সম্পসং ভাবে মরণস্‌সতিং ।

### অনুবাদ

- ১। বায়ুদ্বারা নির্বাপিত প্রদীপের ত্রায় পরমানু ক্লম হয়, অপরের  
মৃতদেহ দর্শন করিয়া জ্ঞানীগণ মরণস্মৃতি ভাবনা করেন ।

- ২। মহাসম্পত্তি সম্পত্তা যথা সত্তমত্তা ই ধ,  
তথা অহং মরিস্‌সামি মরণং নম্ হেস্‌সতি ।

### অনুবাদ

- ২। এই জগতে মহাসম্পত্তি সম্প্রাপ্ত প্রাণীগণ মৃত্যুবরণ করে ।  
সেইরূপ আমিও মরিব, নিশ্চয়ই আমার মরণ হইবে ।

- ৩। উপ্ত্তিয়া সহেবেদং মরণং আগতং সদা,  
মরণথায় ওকাসং বধকো বিয এসতি ।

### অনুবাদ

- ৩। উপ্ত্তির সঙ্গে সঙ্গে মৃত্যু সর্বদা পশ্চাতে পশ্চাতে আসিতেছে ।  
ব্যাধির শিকার অশেষণের মত মৃত্যুর জন্য অবকাশ খুঁজিতেছে ।

- ৪। ঈসকং অনিবত্তন্তং সততং গম্নুস্‌সুকং,  
জীবিতং উদয়া হ্থং সুরিযো বিয ধাষতি ।

### অনুবাদ

- ৪। সূর্য যেমন উদয়স্ফণ হইতে অবিরাম অস্তের দিকে চলিতেছে ;  
সেইরূপ জীবনসূর্যও সর্বদা মরণের দিকে ধাবিত হইতেছে ।



- ৫। বিজুবুবুল উম্‌সাব জলস্রাজী পরিক্‌থয়ঃ,  
ঘাতকোব রিপুতস্‌স সব্বথাপি অব্যরিযো।

অনুবাদ

- ৫। বিদ্যুত, বুদ্ধ ও স মুহূর্তকালের মধ্যে পরিক্‌য় হয়। তাদশ  
প্রাণীর জীবন অনিবার্য ক্‌য় হয়।

- ৬। সূ্যসথাম পুঞ্‌ঞ্‌দ্ধি বুদ্ধি বুদ্ধি জিন্‌দ্বয়ঃ,  
ঘাতেসি মরণং থিঞ্‌ং কাত্‌মাদিসকে কথা।

অনুবাদ

- ৬। সূ্যশ পুণ্য ঋদ্ধিশালী বুদ্ধিতে বুদ্ধ বুদ্ধগণকে শীঘ্র মরণে আঘাত  
করিয়াছে। আমাদের কি কথা বল ?

- ৭। পচ্‌যানঞ্চ বেকল্যা বাহিরজ্‌বাত্তুপদ্‌ব্বা,  
মরামোরং নিমেসাপি মরণানো অন্ত্‌ক্‌খনন্তি।

অনুবাদ

- ৭। সুপথ্যের অভাব, বাহ্যব্যাবির উপদ্রব. অনুক্ষণ স্তিমমান, প্রতি-  
নিমিষে জীব মরিতেছে।

### অষ্টাবর্জনীয় সংবেগ বস্তু

- ১। ভাবেষা চতুরারক্‌থা আব্‌জ্‌জ্য অনন্তয়ং,  
মহা সংবেগ বথ্‌মি অট্‌ঠ অট্‌ঠিত বীরিযো।

অনুবাদ

- ১। চতুররক্ষা ভাবনা করিয়া বীর্যবান ভিক্ষু অষ্ট মহা সংবেগ  
বিষয় সর্বদা স্মরণ করিবে।

- ২। জাতি জরা ব্যাধি চ্যুতী অপায়া,  
অতীত অপ্পত্তক বট্টহুখং ;  
ইদানি আহার গবেট্ঠি হুখং,  
সংবেগ বথুনি ইমানি অট্ঠ।

#### অনুবাদ

- ২। জন্ম, জরা, ব্যাধি, চ্যুতি, অপায়; অতীত দুঃখ, অপ্ৰাপ্তবর্ত-  
দুঃখ ও বর্তমান আহারাশ্বেষণ দুঃখ। এই আটটি মহা দুঃখ।  
এই আটটি বিষয়ে সংবেগ উৎপাদন করা একান্ত প্রয়োজন।

- ৩। পাতো চ সাযমপি চে'ব ইমং বিধিঞ্ণেঞ্ণ,  
অসেবতে সততমন্ত হিতাভিলাসি।  
পাপ্পোতি সো'তি বিপুলং হত পারিপশ্ছে,  
সেট্ঠং সুখং মুনি বিসিট্ঠমতং সুখেন চা'তি।

#### অনুবাদ

- ৩। আত্মহিত সুখাভিলাষি সতত প্রাতঃ সন্ধ্যা দুইবার উক্ত নিয়মে  
চতুর রক্ষা স্মরণ করিবে। বীশক্তি সম্পন্ন যতি ক্লেশ শত্রুকে পরাভূত  
করিয়া বুদ্ধ প্রশংসিত শ্রেষ্ঠসুখ নির্বাণ লাভ করিবে।

### পব্বাজ্জনীয় কল্পবাচা

নমো তস্‌স ভগবতো অরহতো সন্মা সম্বুদ্ধস্‌স।

সুনাতু মে ভন্তে সংঘো, যে তে অমল্লস্‌সা ইমস্মিং গামে  
বসন্তা বুদ্ধে অল্পসন্ন্য, ধম্মে অল্পসন্ন্য, সংঘে অল্পসন্ন্য, বিরুপা,  
বিগচ্ছা, ছুদসিকা, চণ্ডা, বাল্‌হা, ছুট্ঠা, উংরুদ্বা, ওরুদ্বা,

অবরুদ্ধা । তে গামং বিহেসেয্যাং, বিহেঠেয্যাং, বিনাসেয্যাং, অপরজ্জେবয্যাং, । যদি সংঘস্ পত্তকল্পং, সংঘো ; তে অমন্নস্, অবরুদ্ধে, পণমেয্যা; পব্বাজেয্যা, পটিকামেয্যা । ন তেহি অমন্নস্,হি, অবরুদ্ধেহি, ইমস্মিং গামে বথবত্তি ; এসা ঞ্জতি ।

[ সুণাতু মে ভন্তে সংঘো ! যে তে অমন্নস্,সা ইমস্মিং গামে বসন্তা, বুদ্ধ অঙ্গসন্না, ধম্মে অঙ্গসন্না, সংঘে অঙ্গসন্না, বিরুপা, বিগচ্ছা, ছুদসিকা চণ্ডা, বাল্হা, ছুট্ঠা, উরুদ্ধা, ওরুদ্ধা, অবরুদ্ধা । তে গামং বিহেসেয্যাং, বিহেঠেয্যাং, বিনাসেয্যাং, অপ-  
রজ্জেবয্যাং । সংঘো তে অমন্নস্ অবরুদ্ধে পণামেতি, পব্বাজেতি, পটিকামেতি ।

ন তেহি অমন্নস্,হি অবরুদ্ধেহি ইমস্মিং গামে বথবত্তি । যস্,সাযস্মতো খমতি তেসং অমন্নস্,সানং অবরুদ্ধানং পণামনা পব্বাজনা পটিকামনা । ন তেহি অমন্নস্,হি অবরুদ্ধেহি ইমস্মিং গামে বথবত্তি । সো তুণ্,হস্ যস্ ন ক্থমতি সো ভাসেয্যা । ]  
ছুতিযম্পি এতমথং বদামি.....ততিযম্পি এতমথং বদামি ।

[ পনামিতা সংঘেন অমন্নস্,সা অবরুদ্ধা ; ন তেহি অমন্নস্,হি, অবরুদ্ধেহি ইমস্মিং গামে বথবত্তি । খমতি সংঘস্,স তস্মা তুণ্,হী এবমেতং ধারয়ামি । ]

পক্ষমথ তুমহ্, অমনুস্‌সা, অবরুদ্ধা ।

পটিকামথ তুম্‌হ্ অমনুস্‌সা অবরুদ্ধা । নস্‌সথ তুম্‌হ্  
অমনুস্‌সা অবরুদ্ধা । বিনস্‌সথ তুম্‌হ্ অমনুস্‌সা অবরুদ্ধ', পক্ষন্তা,  
পক্ষন্তাব হোথ । পটিকন্তা, পটিকন্তাব হোথ, নট্‌ঠা, নট্‌ঠাব  
হোথ । বিনট্‌ঠা, বিনট্‌ঠাব হোথ'তি ।

ইতি চুলবা পালি ।



## গ্ৰন্থকারের কয়েকখানি মূল্যবান ধাতুলিপি

- ১। “কচ্চায়ন স্তুতসংগ্গাহো।” ইহাতে পালি কচ্চায়ন ব্যাকরণের সূত্রগুলি সংক্ষেপে সন্নিবেশ আছে। ইহা পালি পরীক্ষার্থীদের একান্ত সহায়ক হবে।
- ২। “গাথা সংগ্গাহো।” ইহাতে পালি গাথা সমূহ সংগ্রহ করে দেশকালের সুবিধার্থে চলতি ভাষায় সরল, সাবলীল অনুবাদ করা হয়েছে।
- ৩। “নিবন্ধমালা।” ইহাতে ধর্ম সম্বন্ধীয় কতিপয় প্রবন্ধের সন্নিবেশ করা হয়েছে। প্রবন্ধগুলি চলতি বাংলায় রচিত।
- ৪। “অন্তরায় মার্গ।” ইহাতে কোন্ কর্মবিপাকে মানুষের স্বর্গ ও মোক্ষের বিষয় ঘটে; তদ্বিষয় সংক্ষেপে আলোচনা করা হয়েছে। ইহা স্মৃতি কামী ব্যক্তিদের কল্যাণ সহচর হবে।

*With bad advisors forever left behind,  
From paths of evil he departs for eternity,  
Soon to see the Buddha of Limitless Light  
And perfect Samantabhadra's Supreme Vows.*

*The supreme and endless blessings  
of Samantabhadra's deeds,  
I now universally transfer.  
May every living being, drowning and adrift,  
Soon return to the Pure Land of Limitless Light!*

*~ The Vows of Samantabhadra ~*

*I vow that when my life approaches its end,  
All obstructions will be swept away;  
I will see Amitabha Buddha,  
And be born in His Western Pure Land of  
Ultimate Bliss and Peace.*

*When reborn in the Western Pure Land,  
I will perfect and completely fulfill  
Without exception these Great Vows,  
To delight and benefit all beings.*

*~ The Vows of Samantabhadra  
Avatamsaka Sutra ~*

# DEDICATION OF MERIT

May the merit and virtue  
accrued from this work  
adorn Amitabha Buddha's Pure Land,  
repay the four great kindnesses above,  
and relieve the suffering of  
those on the three paths below.

May those who see or hear of these efforts  
generate Bodhi-mind,  
spend their lives devoted to the Buddha Dharma,  
and finally be reborn together in  
the Land of Ultimate Bliss.  
Homage to Amita Buddha!

**NAMO AMITABHA**

**南無阿彌陀佛**

【孟加拉文：SAMANERA SIKKHA, 沙彌戒】

財團法人佛陀教育基金會 印贈

台北市杭州南路一段五十五號十一樓

Printed and donated for free distribution by

**The Corporate Body of the Buddha Educational Foundation**

11F., 55 Hang Chow South Road Sec 1, Taipei, Taiwan, R.O.C.

Tel: 886-2-23951198, Fax: 886-2-23913415

Email: [overseas@budaedu.org](mailto:overseas@budaedu.org)

Website: <http://www.budaedu.org>

**This book is strictly for free distribution, it is not for sale.**

এই বই সম্পূর্ণ বিনামূল্যে বিতরণের জন্য, বিক্রয়ের জন্য নহে।

Printed in Taiwan  
3,500 copies; April 2014  
BA037-12199



